মিং স্পীকার সারে এই চলতি বংসরের অতিরিক্ত বায়বরান্দ সম্পর্কে আন্তরে এই বিতর্কে পথমেই আমি আপনার কাছে একটি চিঠি পড়ে দিতে চাই। চিঠিটি হচ্ছে এই রকম –"শ্রী ভাদ্যড়ী, প্রফল্পবার যে মাতসদনের ভিত্তি স্থাপন করেছেন তাহা যাহাতে গভন মেন্ট নিয়ে নেন তার জন্য আমি স্বাস্থা মন্ত্রীকে বলিয় ছি।" স্বাক্ষর হচ্ছে বিধানচন্দ্র রায়, তারিখ হচ্ছে ২০-৩-৬২। গত বছরের ২০শে মার্চ এই সভাতেই আমার বন্ধতার উত্তরে তদানীশ্তন মুখামন্ত্রী তিনি হয়ত একট বিচলিত হয়েছিলেন বিচলিত হয়ে তিনি এই চিঠিখানি মাননীয় জগমাথ কোলে মহাশয়ের হাত দিয়ে আমার কছে পাঠিয়েছিলেন চিরকুট। এখন ঐ মাতৃসদনের একটা পরোনো ইতিহাস আছে। ৫ বংসর ধরে ওর জন্য কিছু জমি দেওয়া ছিল, পাবলিক থেকে কিছু টাকাও कम्मितिरहेगत एए एका किल ८ वरमव धरत स्वास्था मन्त्री स्वास्था विखाश এই মাতসদন करवत ति গত নির্বাচনের জন্য বর্তালয়ে রেখেছিলেন। নির্বাচনের ঠিক আগেই শ্রীপ্রফল্লে সেন গিয়ে তার ভিত্তি-প্রস্তুর স্থাপন করকেন এবং সেখানকার কংগ্রেস মনে নীত প্রাথী ভোজবাজীর মত বিলিডং করে ফেললেন। ইতিমধ্যে ইলেকশন এলো, একটা কীতি হল কিল্ড ইলেকশন শেষ হয়ে যাবার পরে সেখানে আর মাতসদন হল না। এবং আমি এই প্রশ্ন জিজ্ঞাসা করছি বিধান রায় পরলোকে গিয়েছেন, তিনি এই হাউসের নেতা ছিলেন এবং কংগ্রেসের অতানত মানা নেতা ছিলেন। তার কথার নিশ্চয়ই একটা মূল্য আছে অন্ততঃ কংগ্রেসের কাছে এবং তিনি ছাক্রম করেছিলেন যার কাছে, দুর্ভাগাবশতঃ, তিনিও পরলোকে গমন করেছেন এবং যাদের জ্বনা এই মাতসদন হবে তারাও অনেকে চিকিৎসার অভাবে, অনেক আসমপ্রসবা মা এবং প্রসব হতে পারলো না দিনের আলো দেখতে পারলো না অনেক শিশ, তারাও পারলোক গমন করেছে। जाराल रमरे भाजमनन कि भतालाक रात? ना, त्य विन्छिश्हो राह्य आहा, माहत नहा, **এ**ই হাসপাতালের চৌহ, দ্দির মধ্যে, সেখানে মাড়সদনট কে বাড়িয়ে করা হবে এই প্রদ্ন আমি আপনার মারফং স্বাস্থা বিভাগ এবং তখন যিনি এর ভিত্তি-প্রস্তুর স্থাপন করেছিলেন তিনি এখন মুখ্য-মল্টী হয়েছেন, আগের মুখ্যমন্টীর প্রতিপ্রতির কেন মর্যাদা এই ক্যাবিনেটের কাছে আছে কিনা সেটা আমি জানতে চাই।

শ্বিতীয়তঃ, মিঃ স্পীকার, স্যার, পানীয় জল সম্পর্কে। গ্রাম এলাকাতে পানীয় জলের কথা এখানে অনেক আলোচনা হয়েছে। সহর এলাকাতে যেখানে পানীয় জল নেই, বিশেষ করে যে সব এলাকা প্রামক অধ্যাষিত, সামনেই কলেরা আসছে, সেখানেতে এমন একটি জায়গা—নেহের্নগর কলোনী—সেখানে পানীয় জল সম্পর্কে, ঐ আমাদের প্নর্বাসন দণ্ডর থেকে সম্ভবতঃ বলা হয়েছে, যে এবার যুম্খের খরচের জন্য পানীয় জল দেওয়া হবে না। আমি যতদ্রে ব্রিফানীয় জলের সপো দেশরক্ষার সপো কাউন্টারপরেজ করা যায় না। দেশরক্ষার জন্য কলেরা থেকে বাঁচবার জন্য পানীয় জল দেওয়া হবে না এইরকম মনোভাব ভারত সরকারের আছে, কি না আছে, আমি জানি না, এই রকম মনোভাব প্নর্বাসন দশ্তর থেকে প্রকাশ হয়ে থাকলে তা সংশোধন করে নেওয়া উচিত বলে আমি মনে করি। কিম্বা স্বাস্থ্য বিভাগ থেকে এই জারগার পানীয় জলের

ব্যবস্থা করে—কলেরা আসছে ত:র আগেই ব্যবস্থা করে—বেন মৃত্যু রোধ করা হয় তার জ্বনা অপ্রেম দাবী জ্যানাজিচ।

ত্তীর হচ্ছে, মিঃ স্পীকার, স্যার, আমি এর আগেও একদিন বলেছিলাম তথন কিছু কিছু কংগ্রেস বেণ্ডের লোকেরা হেসেছিলেন, আমি শুনোছি যে পণ্টিরাস পাইলেট যিনি ষীশুঞ্জীস্টবৈ কুনিফায়েড করবার আজ্ঞা দিয়েছিলেন তার মুখ দিয়েও অনবরত হাসি বের্ত, জেস্টিং বের হোড়, ঠাট্টা বের হোত কিন্তু সেই জেস্টিং পাইরেট বেশীদিন জেস্ট করতে পারে নি, ঠাট্টা বিদ্রুপ করতে পারে নি, কারার্খ্য বন্দাদের সম্পর্কে আপনাদের কারাম্ম্যী যে প্রতিহিংসাম্লক ক্ষাবার্তা ও মনোভাব এই হাউসে প্রকাশ করেছেন সেটা কিভাবে যে জ্বডিশিয়াল বিভাগকে পর্যক্ত প্রভাবিত করেছে তার একটি দ্র্টান্ত, মিঃ স্পীকার, স্যার, দিছি। একটা বেল দর্থান্তের উপরে একটি জাজের জাজমেন্টের অংশ পড়ে শুনাছি। হ্রগলী জেলার একটি কম্মী এবং নেতা, বদ্বোপাল সেনের জামীনের দর্থান্ত হয়েছিল। তিনি রিষড়া মিউনিসিপ্যালিটির একজন ক্মিশনার, রিষড়া মিউনিসিপ্যালিটির প্রতিরক্ষা তহ্বিলে টাকা দেন, তাঁর বেল সম্পর্কে জাজ লেখকেন

"It is also known that the petitioner was a commissioner of the Rishra Municipality which took a decision on 7th November, 1962 to contribute a sum of Rs. 2,000 to the National Defence Fund. It is, however, wellknown that this municipality was superseded by Government because of anti-State activities of the Commissioners after the Chinese invasion of India". এই যে কথাটি বলা হয়েছে রিষড়া মিউনিসিপ্যালিটি স্পার্রসিড করা হয়েছে এটা সম্পূর্ণ মিথা খবর রিষডা মিউনিসিপ্যালিটির এর্গান্ট স্টেট এ্যুকটিভিটি এটা একটা আক্রব খবর। বিষ্ণা মিউনিসিপালিট একটি কংগ্রেস ডোমনেটেড মিউনিসিপালিটি সেখানে মেজরিটি এবং সেই মিউনিসিপ্যালিটির কমিশনার যদ্যগোপাল সেন। তা এই রব্য একটা অসতা কথা বলে একটা ডিম্ট্রিট্ট সেসন ভাজ, মিঃ এ সেন, তিনি হত্তুম দিলেন যে তিনি নন-বেলেবেল অফেন্স আন্ডার সেকশন ৪১ অফ ডিফেন্স অফ ইন্ডিয়া এট্রে-এ গ্রেন্ডার হয়েছেন আঁকে ভারীন দেওরা হবে না। এই জন্য নিশ্চয়ই পেছনে কোন প্রভাব কাজ কর্মছল। আমি ঘটনা হিসাবে খবর পেরেছি. মিঃ স্পীকার সাার, তার ডকমেণ্ট নেই বলে সেকথ উল্লেখ করতে চাই না কিল্ড এটা পতি যে আমাদের এই হাউসে এই ক্যাবিনেট মিনিস্টাররা যে মনোভাব প্রকাশ করেন তা**তে নিশ্চয়ই জাজকে** এই ঝাটা, আ**নফাউন্ডেড খবরের উপরেতে** তাকে এই রকম বেল পিডি**শন** রিজেট করতে বাধ্য করেছে। আমি, মিঃ স্পীকার সারে, আপনার মার্ফং জ্রাডিশিয়াল মিনিস্টারকে এবং যদি কোন আপনার চ্যানেল থাকে তাহলে হাই কোটের কাছে এই আবেদন জান তে চাই যে এই ডিস্টিট্ট এনন্ড সেসন জাজকে এনকোরারি করে কি রিমুভ করা বায় না? বিনি জেনেশনে মিউনিসিপ্যালিটি স্পারসিডেড নয়, যে মিউনিসিপ্যালিটি কংগ্রেস ডোমিনেটেড धवर धार्मि रुपेरे धार्किरिकिरित रकान कथा न्हें, धार्मि रुपेरे धार्किरिकिर करत्रक जल जारक ্সপোরসিড করা হয়েছে বলে—ইট ইজ এ ওয়েল নোন ফ্যাক্ট এবং সেই যান্তির উপরেতে তিনি শ্রীষদ্রগোপাল সেনকে জামীন দিলেন না এই ঘটনা ঘটেছে। এই রাজ্যে, হব্রচন্দ্র রাজার রাজ্যে এই ঘটনা ঘটতে বাধা। যে দায়িত্বশীল পদে অধিষ্ঠিত ব্যক্তিরা যেখানে দায়িত্বশীন উদ্ভি করেন সেখানে জাজ পর্যাত্ত কোষায় নামতে পারে কোন রসাতলে নামতে পারে তার দুন্দীন্ত আপনি अधात एष्टन।

তারপর মিঃ ডেপ্রিট স্পীকার, স্যার, ইন্ডান্ট্রিয়াল ট্র্স রেজোলিউশন সম্পর্কে অনেক কথা এই হাউসে বলা হয়েছে। শ্র্ধ্ যে বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে তা নর, সরকারী পক্ষ থেকেও বলা হয়েছে। মাননীয়া মৈরেরী বস্ব, আই এন টি ইউ সি-র প্রেসিডেন্ট, তিনিও বহ্ব কথা বলেছেন। বহ্ব মিল মালিক সম্পর্কে বহ্ব ঘটনা আছে কিন্তু আমি একটি মিল মালিকের কথা বলি মিনি ইচ্ছা প্র্বক, কোন দ্বিধা না করে, বারবার ইন্ডান্টিয়াল ট্র্স রেজোলিউশন ভারোলেট করছেন, লোককে এক তরফা ছাসেই করছেন, এক তরফা কাজের বোঝা বাড়ার্ডেন লেন্ছফ করছেন, পার্মানেন্ট শ্রমিকদের আনলফ্রলি ছাটাই করছেন, পাওনা পয়সা দিচ্ছেন নাইত্যাদি করে, বংগান্বরী কটন মিলেতে, ম্যানেজার সেই মিলের অবন্ধা ইনসিকিওর করে ভারেছেন।

11-20-1-30 p.m.]

আমি আপনার কাছে জানাচ্ছি বে বহু শ্রমিককে ইন্ধর্মেন্ট্রের উপর নির্ভার করে আপনারা ড়ি আই রুলে ধরেছেন। তারা হয়ত কিছু জামীনে মুক্ত আছে এবং কিছু জেলে আছে তারা এখনও ভগছে কিন্ত মিল মালিকরা ডেলিবারেটলি ইন্ডাস্ট্রির ল টুসে রেজলিউশন ভাওলেট ত্রভে এবং পার্রাসস টেণ্টাল ভাওলেট করছে এবং আজও তারা ভাওলেট করে যাচেচ যাব নধা-পর প্রমাণ লেবার দণ্ডরে ভরি ভরি আছে এবং এই হাউসে অনেকবার আলোচনা হারছে। স্বয়ং সালী বসা বলেছেন যে সেখানে ৫০০ মত শ্রমিককে একেবারে কর্মচাত করা হয়েছে এবং ডাছাডা বহু অভ্যাচার হচ্ছে। আমি বহু নথীপত দলীল প্রমাণ শ্রম দুত্রে দিয়েছি। আমি বলি কেন এই ব্যক্তিকে বঞ্চেম্বরী মিলের ম্যানেজারকে ডি আই রালে ধরা হবে না। একজন মালিককে হ'দ ধরা হয় তাহলে মালিকদের মধ্যে কিছা ভয় হবে এবং তারা অনায়ে করা থেকে বিরত হবেন। ক্ষেত্রনা আমি আপনার মাধামে এই দাবী করি যারা ইচ্ছা করে আইন ভাওলেট করে চলেছে যারা নায়া পাওনা, আইনতঃ পাওনা দেয় না, আইন মানে না, ডি আই বালে যেগালি বলা হয়েছে ভোল্ট নেগুলি তারা সব করে যাচ্ছে সেই রক্ম একজন মালিক বজ্ঞেশ্বরী মিলের ম্যানেজার াৰ সম্প্ৰকে শাস্তিমূলক বিধান কেন নেওয়া হবে না এটা আমি জানতে চাই এবং ব্যুখ্তে চাই। ারপরে এই হাউসে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রফেশন এনন্ড প্রাকৃতিস সম্পর্কে অনেক কথা হয়েছে এবং গতকাল বাগনান অঞ্চলের প্রধান সম্পর্কে যে ঘটনা ঘটেছে এবং কিভাবে তাকে ব্যাক ্রাল করে ভাকে প্রালি করার ভয় দেখিয়ে তাকে বিজ্ঞাইন করবার চেন্টা করা **হয়েছে**, ভা**র কথা** ্লামন্ত্র কাছে জনাব মনসূত্র হবিব যে দরখাদত করেছেন সেটা তিনি এখানে পড়ে দিয়েছে। ্যথমের বলেছেন সেটা তিনি পেয়েছেন কিল্ড সেই ব্যাপারটা এমন একটা স্ভরে এসে পেশিছেছে ার জনা আমি ভাকে অনুরোধ জানার যে অপনার মারফং কমিউনিটি প্রজেষ্ট-এর যিনি মন্ত্রী াছেন যে এই সময়ে কিছু ব্যবস্থা কব দরকাব। শুখ্য তাই নয় এই মন্ত্রী মহাশ্রের আচরণ সংপাক আমাৰ একটা আপতি আছে তিনি অন্মৰ একটি ইউনিয়ন বোড এলাকায় এয়টেনশন ক মিনাট ত্রেম্প্রেলট রুকের এবটা কিছা ওপেন করতে গিয়ে তিনি **সেখানে যে ধরনের** ১৪ ব করেছেলেন তা **হচ্ছে সি**টিং এম এল এ-র বিরুদে**ধ এবং আগামীবারের হব্য কংগ্রেসপ্রার্থ**ী ভাকে বেছতে হ'ব তিনি সরকার। প্যস্থা সেখানে গিয়ে আগামী নির্বাচনের জন্য প্রচার**মাণক** কং বলে একেছেলন। এই বক্স বিপোট দ্যাধারশাল গ্রাম্বাসীর। এসে আমার কাছে করেছে। এখন ঐ রক্ম মিটিং-এর খবর প্থানীয় এম এল এ আমি আমার কাছে সরাসরি অসেনি-যোদন িন্টিং সেদিন এস ডি ও আমার কাছে জিজ্ঞাসা করলেন যে আপনি কি ইনভিটেশন পেয়েছেন? ুক্মনি একটি ছেলে এসে আমাকে একটি চিঠি দিয়ে বললে যে আপনার চিঠি **আম**াদের বা**ডী** ভুল করে দিয়ে গিয়েছিল। আমি তখন এস ডি ও-কে বললাম বোধ হয় এই চিঠিই হবে। আমি বললাম যে দেখন এখন তো আমি যেতে পারি না আমার অন্য এ।।পরেণ্টমেন্ট আছে। এখন আমার এই অনুপশ্বিতিতে সেটাকে ক্যাপিটাল করে ঐ রক্ম একটা নির্বাচনী প্রচার তিনি কর্মেছলেন। সেজন্য এ কথা আমি বলতে চাই যে বিভিন্ন ডেভেলপমেণ্ট-এর বিভিন্ন কাজে মন্তিমণ্ডলীর যে এাতিচাড তা অতানত সংকীর্ণ। এই এাতিচাড সোস্যালিস্ট পাটার্ন-**এর** সংখ্য কোন সম্পর্ক নাই। সেই এ্যাটিচাডের সংখ্য সংবিধানের যে ডাইরেক্ট প্রিন্সিপ্যালের সংখ্য কোন সম্পর্ক নাই। সেই এর্গাটচ্যান্তের সপো যে সত্যিকারের কাজের কোন সম্পর্ক নাই। এই বরনের এাটিচাড বিভিন্ন মন্ত্রী প্রকাশ করে থাকেন। এই সম্পর্কে আমি অত্যন্ত দঢ়ে আপত্তি আপনার মাধ্যমে এই সভার সামনে রাখছি। সবশেষে যে কথা আমি বলতে চাই, যদিও সে কথা এখানে বারবার বলা হয়েছে তব্ ও এখানে রিপিট করার দরকার আছে, এবং যা রিপিট করলেও প্রোনো হয় না সে কথা হচ্ছে যে যার আপনারা কোন কারণ দেখাতে পারেন নি এই যে ইমার-र्জान्मत नाम करत-विराधक: यथात वाहे-हेलकमा राष्ट्र स्थात जाभनाता वन्मीरमत मान দিচ্ছেন না। রাজ্যের কংগ্রেসের প্রেসিডেন্ট বলেছেন যে বন্দীদের মৃত্তি দেওয়া উচিত কিন্তু এই মন্ত্রিসভা কেন যে বন্দীদের মুদ্ভি দিচ্ছেন না তার সম্ভোষজনক কারণ এক্স দেখাতে পারেন নি। कारक का कहे वन्नीएन कन्नी तिथ वाहे-हेलकमातन शहमन कहा हरक रम मन्मर्स्व निम्नाहर আমার প্রতিবাদ জানাতে হবে। বন্দীদের মুদ্ধি জনিবার্য অপরিহার্য এ না দিয়ে বাই-ই**লেকশ**ন করার কোন ব্রন্তি নাই। এই কথা বলে আমি আমার বছবা শেব করছি।

ভাঃ কানাইলাল ভাইচার ঃ মাননীর ডেপ্টি স্পীকার মহালর, আজকে আমাদের এব নে মাজিমেন্টারি বাজেট আলোচনা হছে, কিন্তু অর্থ মন্ত্রী আমাদের এবানে উপন্থিত নাই, তিনি বিদ এবানে থাকতেন তাহলে ভাল হত। স্যার, সাজিমেন্টারি এন্টিমেট সাধারণতঃ পেশ করা হর যে সমস্ত খরচ বাজেট বখন তৈরী হয় সেই সময় এ্যান্টিসপেট করা বার না সেই সমস্ত খরচ মিট করবার জন্য এই সাজিমেন্টারি এন্টিমেট সাধারণতঃ আসে। কিন্তু এবার বে সাজিমেন্ট রি এন্টিমেট আমাদের সামনে এসেছে আমি বহুক্ষেত্রে সেই নিরমের ব্যতিক্রম দেখছি এবং আপনার সামনে তার দুই একটি নমুনা তুলে ধরতে চাই। স্যার, পে ক্রেল গভর্নমেন্ট সারভেন্টদের রিভাইজড হরেছে প্রায় দেড় বছর আগে। পে-কমিটি রিভাইজড করেছে এবং ভারপর দ্বটো বাজেট এসে গিরেছে কিন্তু অতানত দ্বংখের বিষয় এইবারের বাজেটেও আমরা দেখছি

provisions for revision of the pay scales of the Government servants.

এটা আমি মনে করি উচিত নর, এবং বাজেট তৈরি করবার সময় যদি একট্ নজর দেওয়া যেত ভাহলে এটা করার কোন প্রয়োজন হত না। স্যার, আমাদের আবগারী মন্দ্রী মহাশয় শ্রীজগলাও কোলে স্থানেক টাকা চেরেছেন এবং তিনি বলেছেন

to meet the estimated requirements during the year.

জিনিষটা ব্রুতে পারলাম না। হঠাৎ তাঁর এন্টিমেটেড রিকোয়ারমেন্টের জন্য সাম্পিমেন্টারি বাজেটের প্রয়োজন হল এবং তাঁর কোন জবাবও তিনি দেন নি যে এই জন্য আমাদের দরকার হরেছে। শুধু এক্সপানেটরী নোটে আছে

to meet the estimated requirements during years;

এছ ডা

interest on loans for the industrial housing scheme

ও'রা বলেছেন

interest on debt and other obligations.

আগে থাকতে ধরেন নি এটা বলা নেই, শৃষ্ধ, বলা আছে হাউসিং স্কীমের জন্য ক্যাপিটালের বে ইন্টারেন্ট সেই ইন্টারেন্ট বাবদ এই সাম্পিমেন্টারি এন্টিমেট-এ সে থরচটা এসেছে। এছাড়া এয়াড্,মিনিস্টেশন অফ জাসটিস এ দেখছি ওল্ড স্কেল অফ পে অন্যায়ী অফিসারদের পেমেন্ট করবার জন্য সাম্পিমেন্টারি এন্টিমেট-এ তার খরচট দেখাতে হয়েছে। পোর্ট এয়ান্ড পাইলটএজ-এ repairs and maintenance of pooled launches এর

জন্য সাণিলনেল্টারি এল্টিমেট-এ ধরা হয়েছে। মিসলেনিয়াস কল্টিবিউশন-এ দেখছি প্রাল্ট ট্র্ দি লোকাল বডিস চাইছেন ২ লক্ষ ২৬ হাজার, এটাও সাণিলমেল্টারি এল্টিমেটে চাইছেন যেন এমম্পারি হঠাৎ বেড়ে গিয়েছে—এই রকম একটা মনোভাব। তার পরে পার্বালক ওয়ার্কের জন্য \$

maintenance of roads constructed during the first Five-Year Plan,
ফাষ্ট ফাইভ ইয়ার প্লাানে যে সমস্ত রাস্তা হয়েছিল থার্ড ফাভ ইয়ার প্ল্যানে থার্ড ইয়ারে তার মেন্টেনেসের জন্য এবং রিপেয়ার-এর জন্য সাম্প্রিমেন্টারি এন্টিমেটে টাকা চাইতে হচ্ছে।

এই থেকে আমার মনে হয় বে বাজেটে যদি ওরা ঠিক মতন একটা দুলি দিরে একটা বৃদ্ধি বৃদ্ধি দিরে একটা বৃদ্ধি বৃদ

প্রকট্ন দেন। তার কারণ একথা বলবার স্থোগ বাজেটে আমরা পাই নি। শ্বা তাই নর এই চোলাই মদের জন্য আমি মনে করি আমাদের পশ্চিমবাল ব্বক সমাজ বিশেষত নিশ্ন নিবর ব্বল সমাজ বিশেষত নিশ্ন করে করে তার নিবর বিশ্বন বি

দি অনারেশন অনুয়াথ কোলেঃ যাই হে.ক কানাই বাব, এডদিন পরে স্পন্ট কথা বছেন।

कानाहेनान क्रोहार्यः आधि मास्क्रमन पिकि। किन्छ व्यापनादा व मादन ना छ। व्यापता জানি। আজকে যে চোলাই মদ বেশী তৈরী হচ্ছে কেন? আজকে দেখা যাছে যে মদের উপর এক্সাইজ ডিউটি আপনারা ধরেছেন এত বেশী যে কোন কোন কারগার থাউজেন্ড পারসেন্ট অর্থাং এক বোতল মদ তৈরী করতে একটাকা খরচ হয় তবে তার উপর ১০ টাকা ডিউটি পড়ে তর দম হচ্ছে ১১ টাকা। এই ১১ টাকা ডিউটি হবার জন্য যদি লাকিরে চরিয়ে এক গ্যালন মদ তৈরী করতে এই টাকা খরচ করে তার উপর যদি সে প্রালশকে এক টাকা দু' টাক ঘুষ দের এসং যদি সে কলক তার মধ্যে লাকিয়ে চরিয়ে নিয়ে আসার জন্য-মোটরে করেই হোক আর ब एंट करंद्रेंटे दर के-जात वीम मन प्रोंका चत्रें रस जारान जात अक प्रोंका चत्र करंद्र ৫ प्रोंका नाफ হয়। অধাং ফাইব হাস্তেড পারসেণ্ট লাভ থাকবে। এই যে একটা লাভের দিকে ইনসেন্টিড —এই লাভের দিক না সরাতে পারলে এই জ্ঞানিস যাবে না। অজকে আনন্দব জারে দেখলাম ফ.টবল রাড:রে করে কমডোর মত তার উপর করে কলা সাজিরে কলক:তায় নিয়ে অ সছে যেন ব জার য় করে মাল আনছে। এই যে প্রবণতঃ এর একম ত্র কারণ হচ্ছে কম পয়সং খরচ করে তা থেকে বেশী লাভ করা যায়। এর ন্বারা দেশের মধ্যে মদ খাওয়া চেক করতে আপনারা পারেন নি। অংগে য ছিল তার চেয়ে আজকে বেডে চলেছে। শুধু, তাই নয় অমাণের সমজের দুন**ীতিও বাডছে। আমার সাজেসন হচ্ছে মদের উপর** ডিউটি কমিরে দিন এ রক্ষ এ**ন্সটেনসিড** মানুফ্যাক্চর হোক-। আমাদের দেশের লোক মদ খায় আপুনি সেট্র চেক করতে পারবেন? আমি যদি মনে করি যে আমি মদ খাবো তাহলে আমাকে কেউ চেক করতে পারবে না। কালেই অমার মনে হয় এক ইজ ডিউটি যদি কমিয়ে দেওয়া হয় তাহলে মদের বিক্তি বাডবে। আপনরো মনে করবেন না যে এর স্বারা সরকারের কোন কিছু, আর্থিক ক্ষতি হবে। বরং সরকার এই বেশী ডিউটি করার জন্য বেশী মদ চোলাই হবার জন্য ডিউটির ক্ষতি হচ্ছে। যদি দেশের মধ্যে **গদের** উপর এক টকার উপর এক টকা ডিউটি করে যদি দু টাকায় মদ পাওয়া যায় তাহলে লোক निक्तारे हालारे मन थार्य ना। जान मन्छ थार्य। कार्त्करे आमात्र मस्न रम्न आभनाता এकहे, यीन ৰ্ভ অউটলুক নিয়ে চিন্তা করেন—একটা আউটলুক বদলান তাহলে ভাল হবে। ওয়েন্টার্ন কান্দ্রিতে যেমন আছে মদ খেলে খারাপ কিছু নয় যে খেতে চায় সে খাবে তাতে কিছু দোষের নেই যদি আউটলকে ঢেলে সাজাতে হয় তাহলে সমাজের মধ্যে দনেীতি দরে করতে পারবেন। দ্রনীতি যেভাবে সমাজের রুশ্বে রুশ্বে বাস করছে তা আপনারা দরে করতে পারবেন। আজকে বিশেষ করে সহরতলীর মধ্যে যে অবহাওয়ার সূণ্টি করছেন সে আবহাওয়ার দূরে করা **প্ররোজ**ন ৰলে অমি মনে করি। এবং সেই মনে করেই আমি এই সাজেসন এখানে রেখেছি।

দি জনাবেৰল জগলাধ কোলে: আপনি কি প্ৰতিবিসন চান?

ভাঃ কালাইলাল ভট্টাচার্ব: অমরা প্রহিবিসন চাই কি না সেটা আলাদা কথা—কিন্তু we are not in favour of prohibition.

[1-30-1-40 p.m.]

মাননীয় খলেনবাব্ এখানে নেই, আমি খলেনবাব্র কাছে গোটাকরেক তথা রাখতাম। বাই হোক বীজেসবাব্ আছেন তিনি বলে দেবেন। স্যার তাঁরা ইন্টারেস্ট চেরেছেন, ইন্ডান্টিরাল হাউসিং নিক্মেনে ব্যাপিটাল আউটলে আছে তার উপরে ইন্টারেস্টএর জন্য অনেক টাকা দিরেছেন। আমার বন্ধবা হচ্ছে খলেনব ব্র কাছে যে তিনি ইন্ডান্টিরাল হাউসিং নিক্মিন এ হাউস তৈরী করে দিক্ষেন সেব বাড়ী করে দিক্ষেন সেব বাড়ী করে দিক্ষেন সেব বাড়ী করে দিক্ষেন সেব বাড়ী করে দিরেই তাঁরা তাঁদের ভিউটি খেকে খালাল হয়ে গেছেন। সেই বাড়ীতে বেসমনত ভাড়টে আছে, ভাদের সূত্র সঞ্চালের হতি বাড়ীওলা হিসাবে সরকারের দ্র্টিট

লেওয়া কর্তব্য কিল্ড সে কর্তব্য তারং পালন করছেন না। এ ছাড়া ঐ বাড়ীগুলির মধ্যে বেশীর ভাগ বাড়ীতে সান-শেষ্ড মেই, এবং শংখ্য তাই নয় জনলয় ব্যবস্থাও অত্যাত খারাপ, সবচেয়ে বড कथा द्राएक देलकप्रिक अवादिर जवर देलकप्रिक कानक मन जल बाद जक रय शह ১১ই बार्ट आशार दन निर्णिष्डेश्वीन्त्र कालीक हात्वे त्य हार्डितः चारक हेन्द्र निर्माल हार्डितः विकि বেগলে আছে সেই বিলিভং-এর একটি বিলিভং-এ এনটায়ার বাউন্ভারিটা ইলেকট্রোকিউটেড হয়ে-গিয়েছিলো। এবং তার মধ্যে কতগুলি অধিব সি ছিল, প্রত্যেকে শকু খেতে আরুভ কর্রছিলো, এবং সেটা ছিলও প্রার ৫ মিনিট এবং তার ফলে একটি যুবক-২১ বংসরের যুবক কলে হাত দিয়ে জল তলছিলো সেই অবস্থারই সে মারা যায়। আর একটি মহিলা কলে জল তলছিলেন— कि कांशि केमते जल्मा किया जात स्नामी स्मेरे अवस्थाय धास रहेता निरू केमते महस्य थाल একেছিলো—বৈষ্ট্রে যায়। এ ছাড়া প্রত্যেকটি লোক যারা ঐ হাউদের মধ্যে ছিল ত দের শক नार्शाहरूना त्यारबाट मीजिय धाका यांकिन ना. य कान कार्कर जेभार मीजाट राज्यन। এভাবে সমুহত হাউসটা ডেম্ব-ব্যাপ হয়েছিলো। সেখান থেকে কয়েক মিনিটের রাষ্ট্র যেখানে নেন ফিউজ ভিনা ইলেকট্রিক সালেই করপেরেসন সেখানে মেন অফ করতে বাকি লোক বাকি বাসিন্দার। যারা সেখানে ছিলেন তাদের জীবন রক্ষা পায়। এই রকম ধরণের যে ইলেক্ডিক লিকেজ তার এনকেয়ারি করে দেখা গেল মেন সাম্লাইর যে ইলেক্ট্রিক কারেন্ট্র লিকেজ-এর জন্য সমুস্ত বাড়ী ইলেক ট্রোকিউটেড হয়ে গিয়েছিলো। এদিকে সরকারের নজর দেওয়া দরকার কারণ, হাউজিং তারা তৈরী করেছেন টেনাণ্টস বসি য়ছেন সেই টেনাণ্টস'দর সত্থ-স্ববিধ র দিকে দেখা সরকারের একানত প্রণোজন বলে আমি মনে করি, এদিকে খলেনবার্র দুলিট ভাক্ষণ কর্ছি।

সারে বেপাল ফ্রাইং ক্রাব-এ গতবার ও'রা টাকা দেন নি, এবার কিছা দিয়েছেন, মত ৫০ হাজার টাকা। ১য়ত মন্দ্রীমহাশয় বলবেন বেশ্যল ফুইং ক্রাব-এ অনেক গলদ ছিল আমি **স্বীকার করি বেজাল ছাইং ক্রাব-এর মধ্যে অনেক গ**ানে হিল সে গলনগালো লাভ করা হয় সি बाल जवकाव शक्क एथरिक प्राकृत एम छन्न, इन्नु सि । किन्छ यद्म हीस आज एमंद्र १८५ अञ्चल कहरना যথন এমারজেন্সি ডিক্রেয়ার করা হল, তার পর সরকার এই ক্রানের পরিচালনা ভার সরকারি হাতে না নিগেও আমাদের মন্ত্রী শ্রীতরাণক তি ঘোষ মহাশয় এই ক্লাবেব ভেয়ান্ত্রান হয়েছেন, এবং সরতার পক্ষ থেকে অনেকটা অপ্রতঃক্ষতাবে এইকে ম্যালেই করার দ বিহু নেইছ। কিন্তু আমর। ষেটা দেখিতে পাচ্ছি যে মাত্র ৫০ হাজার টাক। সে র করে দেওয়া বারচে। কাবের যে দায় দুরিও আছে:--আমি শনেলাম এই দায় দায়িত প্রায় ২ লক্ষ ২ট লক্ষ টাকার মত দায় দায়িত্ব আছে। এই বেজাল ফ্লাইং ক্লাব আমাদের দেশের মধ্যে সবচেয়ে প্রতন। ইল্ডিয়া গভর্নমেন্ট এবার বেশ্যল ফ্লাইং ফ্রাবকে এক পয়সাও দেন নি. তারা কানপরে ক্রাবকে দিরেছেন. বন্ধে, দিল্লী, ম্যাড্রাস ও নাগপুর ইত্যাদি ফ্লাইং ক্লাবগালিকে দিয়েছেন কিল্ডু বেণ্গল ফ্লাইং ক্লাব যেটা সবচেয়ে প্রোতন সেটাকেই ইন্ডিয়া গভর্নমেন্ট-এর তরফ থেকে ১টা প্রসাও দেওয়া হয় নি ১ আমি মনে করি এটা অতাশ্ত আপত্তিজনক এবং এর উপরে সরকারের দুটিট দেওয়া প্রয়োজন। এই বেণাল ফ্লাইং ক্লাবে সেখানে নাকি বাংলা দেশের ছেলেরা যায় সেখানে পাইলট তৈরী हरत वरल। वाश्ना प्रतमात हरलाता श्रिनियमाति झारेश मिर्थ भारेना छेती रहा. एन क्रावर्स টাকা পয়সা খে'ক বঞ্চিত করা উচিত নয়, বরং বেণ্গল ফ্লাইং ক্লাব-এর বিষয় নিয়ে ই-িডয়া গুভর্নমেন্ট-এর কাছে মুভ করা উচিত য'তে বেণ্গল ফ্রাইং কুবকে আরো বেশী টাকা দেওরা যার।

স্যার, আমি আমার বন্ধব্য আর বেশী রাখবো না, যেটা বলে শেষ করব সেটা হচ্ছে. এই বাজেটে আমরা দেখতে পাচ্ছি যে রিফিউজিদের কাছ থেকে লোন পরিশোধ করে নিয়ে সরকার সেই টাকা ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে পাঠিরে দিচ্ছেন।

দ্রীক্লাইলাল দাস মহাপারঃ মাননীর অধ্যক্ষ মহাশার, আমরা দেখতে পাছি আবার সরকার সাশিলমেন্টারী এন্টিমেটের নামে ৬ কোটি ৭২ লক্ষ ৮১ হাজার ৫ শত ৬৭ টাকা মঞ্জারী দাবী করেছেন। এটা একটা আমাদের সরকারের দ্বারোগ্য ব্যবিতে পরিপত হরেছে এবং এইভাবেই প্রতি বছর এবা সাশিলমেন্টারী বাজেট নিরে আসছেন। আমি ও'দের কাছে জানতে চাইট্রি তাছলে বাজেট উপন্থিত করবার কি দরকার। এত হৈটৈ কান্ড করবার কি দরকার বা আমাদের বাজেটেন দরকার কি: বাজেটের দরকার হৈছে গভনমেন্ট সারা বছর কি ক'জ করতে চান এবং

ক্রত টাকা ভাদের ব্যয় হবে সেইজনাই এই বাজেট আনা কিন্ত বাজেট আনবেন আবার বছরের আঞ্চানে বিভ ইজত বা:জট, তার পর সাম্পিনেশ্টারী বাজেট এবং তার পর আবাব এ।কেচয়াল । এই রকম প্রহসন করবার কি দরকার? যদি গভর্নমেণ্টের গণতন্তের প্রতি একট বিশ্বাস থাকতো তাহলে আমি মনে করতাম এই যে পাবলিকের অর্থ তাঁরা কোটি টোকা বিনা অনুমতি নিরে মঞ্জারী না নিয়ে খরচ করতে কখনও পারতেন না। তাই আমরা দেখছি গণতলের নুমে এবা এको शहमन हालात्क्रन वर्तन अपन्त्र महम हत्क्र क्लिंग क्लिंग हे के मा निरंश भवह करा। আজকে এই যে ৬।৭ কোটি টাকা তাঁরা খরচ করেছেন সেটা কার অনুমতি নিয়ে। আমি জানি তাঁবা বলবেন যে জরুরী পরিস্থিতির জন্য আমরা খরচ করে ফেলেছি। আমরা নি-চয়ই তাদের সমধ ন করতাম –আজকে দেশ সংকটের সম্মাখীন হয়েছে–চীনা আক্রমণের সম্মাধান সেজনা ৫ কোটি টাকা আমর। খরচ করেছি এটা নিশ্চয়ই সমথ নযোগা। কিন্ত আমরা দেখাছ ১৯টি খতে শিক্ষা, জেল, স্বাম্থা, রামতা, আত্তি,গ, ইত্যাদি সব কিছুতেই এই টুকা খব্চ ক্রা হয়েছে। অর্থাং স্বধারণ থাতে আমর যে টাক গালি খরচ করি - আতরিক খাতে দেখি সে স্বগ্রিকাই আছে। তাহলে আমি বলবো অর্থ বিভাগের অযোগ্যতার জন্য এইগুলি হয়। অর্থ বিভ গ জানেন না সারা বছর গভন'মেন্ট কি কাজ করবে এবং কত টাকা খরচ হবে—তারা আনুমোনিক খরচ ধরতে পারেন না। যাদ তারা বলেন যে আমার যোগ্য ব্যক্তি বড় বড় আই সি এস রয়েছে, বড় বড় ব্যারিষ্টার রয়েছে তারা খবে ভাল বোঝেন এবং আমাদের অর্থমন্দ্রী বলবেন যে আমি একজন করেন ব্যারস্টার যদি তাঁরা এই দাবী করেন তাহলে আমি বলবো যে এটা দেবচ্ছাচারিতা ছাডা আর কিহু ই নয় - অর্থ ৎ বিধান সভার অনুমতি ছাড়া তারা যদি কেটি কোটি টাকা খুরচ করেন তাহলে বলবো যে সেখানে তাঁদের স্বেচ্ছাচারিতাই প্রাধানা লাভ করছে। তাঁরা যদি একথা মনে করেন যে কোন দাবী আমরা আনবো তা ভোটের জোরে আমরা পাশ করিয়ে নেবো যে কোন বিল আমরা আনবো তা ভোটের জেরে পাশ হবে এবং তাদের এই ধারণা আছে যে আমর মেঞ্জরিটি পাটি এবং কংগ্রেসীদের যা নির্দেশ দেবো তার সেইভাবেই ভোট দেবেন এই সাহসের জনাই তারা কোটি কোটি টাকা থরচ করেন এবং তা ভোটের জোরে পাশ করান। আমরা যা বলি এবং প্রতি বছর যা সমালোচনা করি সেই সমালোচনার তাঁরা মোটেই ধার ধারেন না।

[1-40-1-50 p.m.]

আমি সেইজন্য বলি এই সত্যিক রের বিদি কারো গণতন্দ্র বিশ্বাস থাকে, আমাদের সংবিধানের প্রতি বিশ্বাস থাকে, আমি তাঁদের ক ছে একটা সাজেস্সন্ দিছি, তাঁরা দ্বার করে বাজেট অধিবেশন কর্ন; প্রথমে ফেব্রুরারী মাসে বাজেট অধিবেশন ডেকে সাধারণ ব ভেট পাল করা হোক। তারপরে সোপ্টেম্বরে আর একটা রিভ ইজড বাজেট অধিবেশন কর্ন। ত তে এই গড ছর মাসের মধ্যে বাঁদ কোথাও কেন টাকা বেশী বা কম থরচ হর, সেটা রিভাইজড ব জেট হিসেবে তখন আন্ন। ত হলেপরে ছর মাসের মধ্যে আমরা ব্রুতে পারবো কিসের জনা বেশী থরচ হলো। আর যদি বিশেষ কোন একটা আধটা খাতে কিছু বেড়ে যায় ও তাতে আমাদের কোন আপত্তি নাই। অন্তত পক্ষে একট সাধারণ বাজেট, প্রথমে এবং ত রপর ছর মাস পরে যদি আর একটা রিভ ইজড ব জেট তাঁরা করেন, তাহলে ভাল হয়—এবং তাতে সরকারেরও বিশেষ সমালোচনার সম্ম্থীন হতে হবে না। এবং তাদের যে সম্মুত্ত থাতে টাকার যে থরচ তার মঞ্জারী ও আগে থেকে নিতে পারবেন। এই সাজেসন আশাকরি সরকার বিবেচনা করে দেখবেন। কাজেই এটা বলেই আমার কাট্ মোশানে বে বন্ধব্য জ্ঞানিরেছি, তা আলে চনা করবার সমর আমার হবে না। স্তরাং সেই কাট্ মোশানগ্রলার প্রতি বিশেষভাবে দ্বিট দেবার জন্য সংশিক্ষত মন্দ্রেশে জনাছি।

তারপরে আমি মাদক খাতে এটার কি কারণ থাকতে পারে? তাঁরা ২ লক্ষ ৪৪ হাজার ০৬০ টাকা দাবী করছেন? কি এমন জর্বরী পরিস্থিতি ঘটলো এই টাকা তাঁসের দিতে হবে? তার আগে তাঁদের প্রায় ৫০ লক্ষ টাকা গতবারে সাধারণ বাজেটে আমরা দিলাম। আপনারা মাদকের জন্য নিহেছেন ৫০ লক্ষ ৪২ হাজার টকা। এতেও পারলেন না? এর আরা কি মাপাল তাঁরা দেশের করছেন? আমাদের মাননীর ভটু চার্য মহাশার বে কথা বাজেছেন, সেকথা আমার কাট্ মোশানের মধ্যেও ররেছে। এবা এট্বকু মাপাল করেছেন বে প্রামে গ্রামে চোলাই মদের করেছেন। করে ছারদের পর্যাত তালা তৈরী করেছেন। আর গাঁরে গাঁরে গাঁলার দোকান করছেন।

ভাষাৰ পাজার লোকাৰ বাবেক জনতে। এই হচ্ছে ভাবের বাবেকা। এ'লের হাতে টাকা দিরে কি মক্তাল হবে? বাদকারবা তো বর্জন করতে পার লন না। এখন প্রাণ্ড উঠলো আমরা এর বর্জন চাই কি না। আসনে, এ নিয়ে একটা করিটি বস ন, আমরা কি করতে পারি। তাহলে ব্যুববো তালের আন্তর্গন আন্তর্গন করেছে। কিন্তু বেমুলো চোলাই মলের লোকান চলছে প্রামে গ্রামে যা ছড়িরে বাছে এবং সরকারী কর্মচারীরা ভালের সপেন সহবোগিতা করছে। বহু জারগার চোল ই মলের কর্মবানা ধরিরে লেওরা হছে। কিন্তু খ্র নিরে সে সব ছেড়ে দেওরা হছে। এর কি কারণ আছতে পরে? ভারপরও কি এর জন্য সরক রের হাতে টাকা ছিতে হবে এই সব দ্বাতি-প্রাম্বদের সাহাব্য কর্মবার জন্য? গাঁরে গাঁরে মাভাল ও গাঁলাখোর তৈরী ক্রবার জন্য কি আমরা এই খাতে টাকা বাড়াবো? এটা আমরা ভালের কাছ থেকে জানতে চাচিচ।

ভারপর আর একটা বিষয় বলতে চ ই এই যে ফার্মাসিউটিক্যাল সংস্থাগ্রলো রয়েছে, তারা রেক্টিফ ইড স্পিরিট করে ওব্ধ তৈরীর জনা। এখন এক্সাইজ কমিশনার দাবী করছেন—ভাদের সব টাাক্স দিতে হবে। কেন? এস্টারিসমেন্ট চার্জের জন্য? এই এস্টারিসমেন্ট চার্জের জন্য তো আমরা বরান্দ করলাম; আবার এক্সাইজ কমিশনার কি করে টাাক্স দাবী করছেন? তার কলে হরেছে কি? তাঁরা কোন ওব্ধ তৈরী করতে পারছেন না। এই ব্যাপ র নিয়ে বেশ্গল ইম্নিটী কাম্পানী হাইকোর্টে কেস করেছিলেন, হাইকোর্ট রায় দিয়েছেন যে এই ট্যাক্স বে-আইনী। ওঁরা এই টাক্য দাবী করতে পারেন না। তব্ও তাঁরা ১৯৫৭ সাল থেকে ১৯৬১ সাল পর্যান্ড সমস্ত বকেয়া টাকা অন্যায়ভাবে দাবী করছেন। চিন্তা করে দেখুন কি করে অন্যায়-ছাবে তাদের কাছ থেকে টাক্স দাবী করা যেতে পারে।

তারপর এই প্রশাসন খাত সন্ধাশে বলতে চ ই-এই নিয়ে বরাবর আমরা আলোচন করি—।
কত বে আলোচন করেছি তার ঠিক নেই। তব্ও আমি দুএকটা কথা বলতে চাই। এগের
অপদার্থতার জন্য, অবোগাতার জন্য, এগের আগরপোষণ, স্বজন তে বণের জন্য, এগের
ক্রেন্টেন্টেন্টের্টেল্ডার জন্য আজ বাংলাদেশের শাসনতশ্রের মধ্যে একটা বিকল অবস্থ এসেছে,
একটা জড়তা এলেছে। তার প্রতিকার আমরা চাই। বার বার আমরা বলেছি, এ সম্প্রশে আর
বিস্তৃত আলোচনা করবার অবকাশ নাই, এ নিয়ে বহু আলোচনা আমরা করেছি। অদগতন নিমেট প্রতিতীর জন্য দুড়ভ বে বেন তাঁরা চেন্ট করেন। আমার বিশেষ অভিযোগ স্থান দ্রনীতিপদ্ধারণতা ও অবোগাতা ছাড়াও ক্রিটেন্টের্ট্টের মধ্যে একটা দেশদ্রোহিতার মনোভাব দেখা দিয়েছে,
নে বিবরে আমি সংশিল্ট মন্টিন্টেন্ট্রের্ট্টের মধ্যে একটা দেশদ্রোহিতার মনোভাব চেন্টা কর্ন। বহু
জারা থেকে এই অভিযোগ পাওরা গিয়েছে। সরকারী ক্রিট্টেন্ট্রের্ট্টের্টিন্টের্ট্টিন্টের্ট্টিল্টের্ট্টিল্টিল্টার সাহাব্য করবার সংবাদ পাওরা গিয়েছে। এই সব দাচভ বে দমন
কর্ষর বাবস্থা করা দরকার।

তারপরে অমরা বাদ জানতাম নিন্দতম া ক্রিছের বেতন বাড়াবার চেন্টা করছেন, তাহলে আমাদের কোন অপিন্ত থাকতো ন । বারা ৫৫ টাকা মাইনে পার, তারা যে কি করে সংসার চলার বৃথি না। একমান্ত আমাদের মুখ্যমশী বোঝেন, তিনি হচ্ছেন আমাদের পর্বসংখ্যানের বাদ্বকর । তিনি পি সি সরকারের চাইতেও বড় বাদ্বকর এবং তিনি বৃথিয়ে দিতে পারবেন। সেদিন তিনি বৃথিয়ে দিলেন—বারা তিন হাজার টাকা মাইনে পাচ্ছেন, তারাও অতাতত খারাপ অবস্থার আছেন। আর বাদের ৫৫ টাকা মাইনে, তাদের অবস্থা খ্ব ভাল হয়েছে। এই হাছে অবস্থা।

আমি রমগড় খানার একটি অবোগতের কথা বলি। রামগড় খানার, সেখনে চৌকিদার, ক্ষাদারর তিন বছর মাইনে পাছে না। এ সম্পর্কে বারবার গভর্নমেন্টের দান্দি আকর্ষণ করা সত্তেও কোন ফল হছে না। একটা ইউনিয়নে মাত্র একটি করে চৌকিদার র খা হয়, এবং সে মাত্র ৭ টাকা সাম্দান পার, তাও তারা পোলা না, তাশির আজ পর্যস্ক টাকা দিতে পারলেন না। এই পভর্নমেন্টের বোগ্যতা এই রকম বে আজ পর্যস্ক তাদের টাকা দিতে পারলেন না।

কিছ্কেশ আগে এখানে ন্তন বাটখারা সম্বন্ধে কথা শ্নলাম। যারা মাছের বা খাক-সথজির স মানা সব জিনিসের হাটে গিরে দোকান পেতে বাবসা করে, তারা বাবসা করতে পারছে বা। হাটে গিরে, ভারা দেখানে ইম্সপেটারের ভরে দৌড়ে পালিরে বার। ভরে তারা বাজারে আসতে পারতে না। তাদের ন্তন বাটখারা থাকে না, সেই জন্য তাদের জরিমানা করা হচ্ছে এবং তাদের মাল-পর সব কেড়ে নেওরা হচ্ছে। তারা ভরে বাজারে আসতে পারতে না। সেখানে এই বে সব জ্বুন্ম চলেতে, এইসব জ্বুন্মের প্রতিকার হওরা দরকার।

ভারপর রিজিওন্যাল অর্থারিটির কথা বলি। এই রিজিওন্যাল অর্থারিটি সম্পর্কে বিভিন্ন জারগা
্কে বহু দুন ীতির অভিযোগ পাওরা বার। আমি মেদিনীপ্রের একটি স্পেসিমিক্ কেসের
কথা বলছি। এই রকম বহু জারগার শোনা বার। আজকে খবরের কংগজে দেখল ম অভুল্যবাব্ মেদিনীপ্রে গিরেছেন লড়াইরের জন্য চাদা ভূলতে, এবং সেখানে তিনি এক কংগ্রেস ভবন
উন্বোধন করে এসেছেন। আরও শ্ননাম সেখানে বাস রুটের পামিট দেওরার ক্ষেত্রে, তাদের
কাছ থেকে জবরদন্তি করে টাকা আদার করা হয়। তাদের বলা হর, তোমার জন্য রুট্ পামিট্
করে দেবেং, তুমি লড়াই-এর জন্য পাঁচ হাজার, সাত হাজার টাকা চাদা দাও। এইভাবে বিভিন্ন
সংক্ষা থেকে টাকা কড়ি তোলা হয়, এবং সেখানে কংগ্রেস ভবন গড়ে ওঠে। এ সম্বন্ধে খোজ
নেওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ জানাছি।

তারপর আমি সেদিন আপনার কাছে বে বরিষা থেকে ভারমন্ডহারবার পর্যান্ত যে সকল স্টেট বাস যাতায়াত করে, তার কতকগ্নিল অস্ববিধ র কথা তুর্লোছলম, সে সদ্বন্ধে আবার আপনার দ্থি আকর্ষণ করতে চাই। বরিষা থেকে ভারমন্ড হারবার পর্যান্ত যে রুট আছে, সেই রুটের স্টেট বাসের শিশ ছ্রাইভার ও কন্ডান্ট ররা যাত্রিদের উপর অত্যান্ত অন্যায় জ্বল্ম চালায় সেটা বিশ্ব করা উচিত। এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করার জন্য আমি সংশিল্ভ মণ্ডিমহ শায়কে অনুরে ধ জানাজি।

তারপর আমি করেকটি পার, পারিকার সরকারী এ ডিভারট ইজমেন্ট সম্পর্কে বর্ণালা। এটার সম্বশ্বে নিরপেক্ষভাবে অনুসন্ধান করা দরকার। পার, পারিকার যে সব সরকারী এ ডিভারটাইজ-মেন্ট দেওরা হর সে সম্বশ্বে নিরপেক্ষভা থাকা দরকার। দেখা যার অনেক ক্ষেত্রে সরকারী নীতি হচ্ছে যে তাঁবেদার সৃষ্টি করা। তাঁর পক্ষপুটে সংবাদপরগ্রিল আনবার চেন্টা করা হয়, তার স্বাধীনতা নন্ট করা বা হরণ করা হয়। সে বিষরের প্রতি আমি আপনার দৃষ্টি আকা এবিছা।

[এ ভরেস—কোথার হয়?] বহু জারগার, বহু ক্ষেত্রে হচ্ছে, আমি দেখিরে দিবত পারি।

[Interruptions.]

কেবল মন্দ্রীদের স্টেটমেণ্ট আর ফটো ছাপান ছাড়া, থবরের কাগজের আর িশেষ কোন কাজ নেই [কোরে:শ্চন] যদি কোরেশ্চেন করেন—আমার সমর দিন, আমি প্রমাণ করে দেখিরে দেবো।

ত রপর প্রিল সন্ধান্ধ বলবো—প্রিলের জন্য টাকা দেওরা হয়, অথচ গাঁরের সাধারণ মন্যকে অত্যন্ত অসহার অবন্ধায় দিন কাটাতে হয়, তার প্রতিকারের কোন বাবন্ধা হয় না। এ সন্ধান্ধ আমি আমার কাট্ মে সানের ভিতর কতকগ্রিল সাজেসন্ দিরেছি, কন্তিই সাজেসন্ দিরেছি। (এখানে লাল বাতি প্রভাগেত হয়, বন্ধুত শেষ করিবার জন্য।) আমার আমার সময় নেই, কাজেই এ সন্ধান্ধ আরু বিন্তু রিতভাবে আলোচনা করতে পারলাম না। আমি আমার কাট্ মোসানগ্রনির প্রতি বিশেষ দািট দেবার জন্য মাননীয় মিল্মহাশয়কে অন্রেল জানাছি এবং আমার কন্তিট সাজেসনগ্রনি কাদি কাজে লাগান, তাহলে আমি মনে করি অন্তত গণতন্তের প্রতি খানিকট মর্যাদা রক্ষা করা হবে। আর তা না হলে আমাদের এখানে কেবল কাই মোসান দেওয়া বা সংশোধনী প্রস্তাব আনা, আর সেগ্রিল ওদিক থেকে ভোটের জ্লোরে গ্রানিয়ে দেওয়া বা নণ্ট করে দেওয়া, এর কোন অর্থা হয় না।

Shri Anadi Das:

ৰাননীর ডেপটি স্পীকার মহালর, দেখা বাছে বে প্রিলল খাতে এবারও বহু ট কা সালিবটোরী বাজেটে ধরা হরেছে। গত জেনারেল বাজেট অধিবেশনে প্রিলল খাতে আলেকার সমর প্রিলেশর নিজিয়তা সম্বন্ধে অনেক কিছু বলেছি, আমি তার প্রনরাবত্তি করতে ঘট না। আমি শ্ব্যু একটা কথা আপনার করে রাখতে চাই। সেটা হছে হাওড়াতে বে আর জি পি আই

প্রয়্ন আফিস সংক্রান্ত বিষয়ে যা বলেছিলাম, আজ পর্যান্ত তার কোন অনুসন্ধান ও বিচার হল না। বাড়ীওয়লা সেথানকার মালিক ও কংগ্রেসী মাতব্যরের সপো বড়বন্ত করে যা ব্যবহার করছেন তা বলবার নর। তাদের ইলেক্ষিক লাইটের লাইনটা প্যান্ত কেটে দিয়েছেন। তাদের লাইট কনেক্সন কেটে দেওয়ায়, সেই সম্পর্কে কোটে পিটিসান করা হল এবং সেই পিটিসন কোট খেকে থানার আসবে। কোটের পেশকার বলেছেন যে ১২ই মার্চ তারিখে সেই পিটিসন কোট থেকে থানার আসবে। কোটের পেশকার বলেছেন যে ১২ই মার্চ তারিখে সেই পিটিসন কোট থেকে থানার পারেছ। অথচ আজ ২৬শে মার্চ হরে গেল এখনও পর্যান্ত সেটা থানার এসে পেশিছাল না। মারা পথে, ডি এস পি যিনি টাউনে আছেন, তার কাছে নাকি সেটা পড়ে আছে। এই রকম একটা মারাছক জরুরী ব্য পার, যেখনে ভাড়াটের ইলেক্ষিক লাইন কেটে দিয়েছে এবং সেটা আর সি পি আই ও ট্রেড ইউনিয়নের অফিস ছিল এবং সেটা আমার ইলেক্সনের সময় হেড্ কেয়াটার ছিল, আমার পাব্লিকের সম্প্রে যোগাযোগের প্রধান জায়গা ছিল, সেখনে প্রশিশ কিছু করতে পারছে না, প্রিলশের উদাসীনা দেখা যাছে। তারা মাঝে মাঝে বলেন আমরা তো ব্রতে পারছি বাড়ীওয়ালা অতানত অন্যান করছেন, কিন্তু আমরা নির্দেশ্য উপরের চাপ রয়েছে।

[1-50-2 p.m.]

অথচ অমরা প্রতিশের জন্য অমাদের বাজেটে মোটা টাকা পাশ করে চলেছি। সারে অমি আর একটা কথা বলব। জয়েন্ট স্টিমর কোম্পানী বাংলাদেশে প্রধান ওয় টার টু স্মপোর্ট কোম্পানী হিসাবে কাজ করছে। একটা আগে এ বিষয়ে ওরাল আনসার সরকার পক্ষ থেকে **प्रतिक्रा रहिष्ट्य। काएकन करा रहिष्ट्य এर का**म्लानी छात्र विद्यारी काल करत कर्ताहरू এ সম্বন্ধে সরকার কে.ন থেজি খবর রাখেন কিন। অক্টোবর মাসে এর শ্রমিকরা স্ট্রাইক করল। এটা একটা ইম পরটান্ট ট্রান্সপোর্ট যার উপরে ভারতবর্ষ কত বৈদেশিক মন্ত্র আনবে তা নিভার করে; কিন্তু সেখানে গভর্নমেন্ট হস্তক্ষেপ করলেন না। ওই কোম্পানী সেখানে পাকিস্থানী গভর্নমেন্টের সংগে এমন এগ্রিমেন্ট করে এলেন যাতে পাকিস্তানী সরকার ভারতের আভান্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করতে পারবেন। এই রকম সুবোগ তাদের দেওয়া হল। সে সম্পর্কে वधन कीनार का रिनमन रम्था इन स्नवाद मन्त्री वनस्न-जाभवः र्थांक थवद निष्कि भरत वनवः **কিন্তু অজ্ঞ পর্যন্ত বলবার সূবোগ হয় নি। আমরা কোন বাহিরের শ্রমিকের বিরুদেধ নয়**---তারা অসনে, আমাদের দেশে আসনে—ক জ করবেন আপত্তি নেই। কিন্ত পাকিস্থানী শ্রমিক ষারা আছে তারা ওয়ার্ক'র হিসাবে কাজ করবে। পাকিস্তানের সংগে এ ব্যাপারে আমাদের কোন कथा दर्ज नि। अधानकात गुर्जनसम्हे किन्द्र दे वनस्थन ना। अता मत्न करतन अ अव स्व हेथाहे ব্যাপার। দেশরকা সীমানত রক্ষা নিশ্চরই বড় কাঞ্চ কিন্তু সেইটেই একমান্র কাজ নয়। কথায় কথায় ও'রা বড় বড় দেশপ্রেমের বুলি আওড়ান অথচ কার্যক্ষেত্রে সর্বন্ত বার্থাত র নমুনাই দেখতে পাই। এদিকে তারা মনে করছেন তারা দেশপ্রেমের একচেটিয়া কারবারী আমরাই একমাত দেশ-প্রেমিক, অন্য কারও দেশপ্রেম নেই এবং আছে কি না সে সম্পর্কে তাদের ক'ছ থেকে সার্টি ফিকেট পেতে হবে তবে তারা দেশপ্রেমিক হত পারবে। আমি অসংখ্য ঘটনা দিয়ে বলতে পারি ধে দেশপ্রেমের তারা যে বড়াই করেন তা প্রমাণ করতে তারা বার্থ হারছেন। এই স্টিমার কোম্পানীর ব্যাপারটা তার জন্মজালত প্রমাণ। আমরা যখন এই কোম্পানীকে কিছু বলতে গেলাম, তাঁরা বললেন—আমরা আছি তাই ভারতবর্ষ বে'চে আছে—অমরা আছি তাই এই ট্রাক্সপোর্ট লাইন বেচে আছে—অ'মরা যদি না ধ কতাম তোমাদের এই লাইন উঠে বেত। আমর তো গভর্নমেন্টকে বলৈছিলাম জাতীয়করণ কর গভর্নমেন্ট রাজী হর্নি। এই বদি গভর্নমেন্টের সত্যিকারের চেহারা হর তাহুলে কি আর বলার আছে? আমরা সেজনা সরকারী নীতি জানতে চেরোছলাম-মুখ্যমন্তী ভবাব দিরেছেন এরকম কেনে প্রস্তাব আমাদের ক ছে নেই। অথচ কোম্পানীর ধারণা—আমরা ভোষাদের বাঁচিরে রাখছি। এই ব্টীশ ফ্র্যাগ্না থাকলে কোখার তোমরা বেতে? অ সামের সংগে যোগাযোগ থাকত না—দ্বান্সপোর্ট থাকতো না। এখানকার এক জারগার বেখানে ১০ হাজার ভারতীর কান্ত করত সে জারগার আন্তবে মাত্র ৫০০ লোক কান্ত করছে। কোম্পানীর গত বছরের বে সংখ্যা ত তে ভারতীয় কর্মচারী ছিল বা তা থেকে করে বাছে। আমরা শংকর দাস বাব্র কাছে গিংবছি। অধ্যালী ট্রান্সপোর্ট মিনিন্টার হিসাবে বলেছেন-আমি এসব কিছুই জানি

না—সেক্টোরির কাছে যান। সেক্টোরী বলেন—অর একদিন আসবেন। এই হল অবস্থা—
অর্থাং সঠিক জিনিস জানবার আগ্রহ পর্য ত মন্দ্রী মহাশরদের নেই। সেক্টোরী যা গিলিরে
দেন তা হজম হবে কি না হবে তা বিচার না করে গলাধঃকরণ করেন এবং মাঝে মাঝে এখানে তা
বিমি করেন। আমি, স্যার, এই বজেটের বিরে ধিতা করছি।

Shri Nepal Chandra Ray:

মাননীয় ডেপ:টি স্পাঁকার মহোদয় আমার বস্তব্য দ্য-একটা বিষয়ের উপর সীমাবন্ধ রাখব। এক নং হচ্ছে বাংলাদেশে আমাদের ফায়ার ব্রিগেড সম্বন্ধে আমি কিছু বলতে চাই, কারণ, আপনারা জনেন গত দ্র-তিন দিনের মধ্যে ফায়ার বিগেড-এর যে কার্যকারিতা আমরা দেখেছি তা থেকে এর গরেছে সকলেই উপলব্ধি করবেন। লালবাজারের উলটোদিকে বিরাট বাড়ীতে যে আগনে লাগল সেই আগ্ন নিভাতে গিয়ে আমাদের ফায়ার সাভিসেস-এর তিনজন কর্মী, একজন গ্রেত্রর পে, আহত হয়েছেন। অজ্ঞকে আমি সে সম্বন্ধে দ্র-একটি কথা রাখতে চাই। আর একটি লোক একই দিনে রবিবার বরানগরে একটি কারখানায় আগনে লেগে মারা গিয়েছে। আমারই প্রত্নীর লোক তাদের পরিবারের সংখ্য আমাদের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। চেলেটির কাহিনী খাব করান-২২।২৩ বছর তার বয়েস-মাত্র কড়ি দিন আগে বিশ্লে করেছে। এটা একটা মর্মান্তিক ঘটনা এবং একে নিয়তির খেলা ছাড়া আরু কিছু বলা যায় না। সারে এই ফায়ার ব্রিগেড সার্ভিস এর কথা বলতে গিয়ে কতকগ্রিল জিনিস আপনার সামনে রাখতে চাই। পশ্চিম বাংলার ফায়ার ব্রিগেড সাভিন্সেস বর্তমানে যা খাছে সেটা ছেলেমেয়েদের প্রতল্পেলা ছাড়া আর কিছা নয়। আজকের আনন্দবাজারে দেখছি অ,মি প্রোন ইতিহাসের কিছা জানিনা আমি নোতুন ফায়ার সার্ভিসেস ইউনিয়ন-এর প্রেসিডেন্ট হয়েছি। এর মধ্যে কিছু কিছু খবর পেয়েছি। যাক আনন্দবাজারের থবরে দেখছি যে ১৯৪৮ সালে ফায়ার ব্রিগেড-এর লোকসংখ্যা ছিল ১৮০০. আঙ্গকে সেখনে ১৪০০। আরও কমবে। শামি বলি এই ফায়ার সার্ভিসেসকে নোতন করে গড়ে তলতে হবে এর জন্য আরও টাকা থরচা করতে হবে- <mark>আধুনিক ফল্রপা</mark>তি আনতে হবে। জামি শৈলবাবকে অনুরোধ করছি হয় ফায়ার বিগেড বন্ধ করে দিন অথবা ভাল আধুনিক ষশ্চপাতি নিয়ে আসনে এতে ফরেন এক্সচেঞ্চ কি লাগবে না লাগবে জানি না। আমরা বুলিং কলকাতা শহরে যে সমস্ত বিস্ফোরক দুবের গানাম আছে আমার তো মনে হয় কাগজের খবর বদি সতি৷ হয় আমার মনে হয় সতা এবং আমার থবর অনুবায়ী আমাদের পাডায় বডবাজার জতাত ঘনবস্তিপূর্ণ এলাকা সাত তলার বাড়ী তার একতলার আছে বিস্ফোরক দুবোর গুলাম। এর আগে একবার এরকম ব্যাপারে একজন মারা গেছে। আমার এলাকাতেও বিস্ফোরক দবোর शामाम वरक्षा । मशीन्त्रभे मन्त्रिमहानगरक वनव स्थशास मानाम वाम करत स्मरे ममण्ड वाफ़ीरण ভবিষ্যতে যেন বিস্ফোরক দ্রব্যের কোনরকম গ্রান্য করবার লাইলেন্স না দেওরা হয়।

[2-2-10 p.m.]

লাইসেক নাব অধিকরে প্রলিস। তামি নি প্রিস লাইসেক দেয় নানারক্র্য কারণে। আজকে এই লাইসেক ডিপার্টমেকটা ফায়ার সাভিস্ত এর প্রধানকে দেওয়া দরকার, কাবণ ফায়ার সাভিস্ট এছন রেসপ্রনাসবল হবে। প্রলিস ফায়ার সাভিস্ত এরপার্ট নর। প্রলিস হয়তো ধরতে পাবে কোথায় বিস্ফোরক দ্রবা ল্কান তাছে, কিন্তু এসব ব্যাপারে প্রলিসের জ্ঞান কম আছে কল লনে করি। তাই আমি বলব ডাইরেকুর অব ফায়ার সাভিস্ত-এর অধীনে এই লাইসেক দেবার অধিকার দেওয়া হোক, এবং আমি এই কথা বলব মাননীর মন্ত্রী লৈল মাখার্জি মহাশারকে বে,—আমাদেব বা আর হয় ১৪ লক্ষ টাকা—এই কলকাতা শহরে মার ১৪ লক্ষ টাকা আয় হয় আশ্চর্যজনক কথা—বিদ লাইসেক ঠিকমত দেওলা হয়,—বিদ তার জন্য নতুন অফিসার নিয়োগের দরকার হয় কোট জন্ম করে দেখুন কত ক্রেক, বোধহয় ৯০টি লোক লাইসেক দের না. ক্রিকি দেয় এগলো বাদ ধরা হয় ভাহলে ৫০ লক্ষ টাকা আয় হতে পারে। টোকিও শহরে ১০ কোটি টাকা খরচ করা হয় ফায়ার রিসেড-এর পিছনে—প্রথমীর জন্যানা শহরে কোটি কোটি টাকা খরচ হয় ফায়ার রিসেড-এর পিছনে—প্রথমীর জন্যানা শহরে কোটি কোটি টাকা খরচ হয় ফায়ার রিসেড-এর পিছনে—প্রথমীর জন্যানা শহরে কোটি কোটি টাকা খরচ হয় ফায়ার সাভিস্ক ক্রেক লাই তার অক্সার ও কমী আছেন তারা অভাতত নিষ্ঠাবান এ সম্বন্ধে আমার কোন সংলব নাই। আমি আলা করব ভার মধ্যে কোন ভল-ব্রটি

-ৰাক্তৰ:ছবিশুমহাশস্ত্ৰ সংশোধন করকে এবং আমাদের পশ্চিমবন্ধ রাজ্যে বাতে করে একটা সংকর कालात मार्टिम गर्फ छेठेरछ भारत छात्र कना बन्नवान हरवन क्ष्यर श्रासाक्षमस्वास क्षत्र कना जारता होका পক্ষ করতে হবে। আজকে আমরা দেখতে পাই বে. আজকে ৬০টি ইঞ্জিন নেওয়া হলে অলপদিন পরেই সেই সংখ্যা কমে গিয়ে ৩০-এ এসে দাঁডায় বাকী অকেনো হয়ে পড়ে থাকে। উত্তরবংগার শিলিগন্তি ও জলপাইগন্তিতে দটো ভাপা ইঞ্জিন পাঠান হয়েছে, কিল্ড তা থেকে দরকারের সমর জন বের হয় না. এটা অত্যন্ত লম্জার কথা। আমরা বিভিন্ন খাতে কোটি টোকা খরচ কর্রছি অন্ত ফায়ার সান্তিস-এর জন্য আমাদের মোট খরচ ৪২ লক্ষ টাকা। আমাদের এইজন্য বরান্দ আরো वाष्ट्राट हर्दा. त्माक वाष्ट्राट हर्दा। नमीया स्ममात रह समा स्थरक आजारमद पाननीय भक्कामा বল্যোপাধ্যার মহাশর এসেছেন, মালদহ জেলায় কোথাও আগ্রন লাগলেও ফায়ার সাভিসের কোন बाबन्धा नारे. कान वन्त्रत भ.८७ भारत. वाकात भ.८७ भारत. वाफी भ.८७ भारत कान वावन्धा সেখানে করা বার না। তাই আমি মন্তিমহাশরের দণিট আকর্ষণ করছি এদিকে। আমাদের কারার সার্ভিস সম্বদ্ধে আমার বলবার অনেকদিন থেকেই ইচ্চা ছিল কিন্ত বলার সুবোগ পাইনি, কারণ ফায়ার সাভিসের যে বাজেট সেই বাজেট গিলোটিন বন্ধএ গিয়ে গিলোটিন হয়ে বার। এটা একটা ইন্পোরটান্ট সাবজের। আমার মনে হয় আগামী ব'রে যখন বাজেট আলোচনা হবে সেই সময় ফারার সার্ভিস-এর ঘটনাগালি তাদের কান্ধ কিভাবে চলচে তা व्यात्नावना कतात्र मृत्यां वामात्मत्र त्मश्रह्मा छीव्छ कार्य श्रीख्वात्ववे त्मश्रा याच वही जिल्लाविन বন্ধএ হাজির হরে বার এবং আমরাও ডিসকাসন করতে পারি না। বলি ডিসকাসন না করি তাহলে তারা কিরকম কান্ত করছে আমরা জানতে পারি না। বিভিন্ন জারগায় যখন বিরাট আকারে আগনে লাগে তখন ফারার সার্ভিস-এর লোকেরা নিজেদের জীবন বিপন্ন করে আগনের মধ্যে ঝাঁপিরে পতে আমাদের জীবন বাঁচার। ক্রিটিসিজম না হলে কোন জিনিস ভালভাবে प्छट्डन रद ना। जाननात होकात श्रदाक्रन जाएड कि नारे ग्रामता कानएउ भावर ना र्याप না আমরা ফারার সাভিস সম্বন্ধে ভিটিসিভয় করতে পারি।

এবার আমি অন্য ব্যাপারে আসছি, সেটা হছে আমাদের বিরোধীদল, বিরোধীদল বলতে এবন আমরা কমিউনিস্টপেরই বোঝাই, আর সব বন্ধভাবাপায়—কমিউনিস্ট পাঁচির মজা দেখন, সেদিন বললাম সোমনাথবাব, ব্রের ভ্রের জারগার জারগার গিরে ঐ চীনপপথী যেসমস্ত কমিউনিস্ট তাদের ধরিরে দিছেন প্লিসের কাছে টেলিফোন করে—আমি তারই একট্র ফিরিস্টি দিছি—তাঁরই দল থেকে কমিউনিস্ট পার্টির একজন বড়কর্তা—তিনি আমার কাছে কডক্বালি কাগজপর হাজির করলেন, কাগজপর্লি তাঁরই নিজের হাতে লেখা, বাগে রয়েছে, আমি আর বের করতে চাই না—স্যার, আমি ব্রিথ জেঘতি বোসকে, সরাসরি সে চীনকে সমর্থন করেছে. কিন্তু এই ভদ্রলোকের মজা দেখন, ১৯৪২ সালে বখন আমাদের নেতৃবর্গ কারাপ্রাচীরের অন্তরালে ছিলেন, যখন আমাদের বিভিন্ন নেতারা কলকাতার আসতেন—আমি নাম করতে চাই না, সোমনাথবাব

Dr. Kanai Lal Bhattacharya: Sir, is he relevant?

Mr. Deputy Speaker: He will make it relevant.

Shri Nepal Chandra Roy: Definitely relevant-

[Disturbance]

এই ভদ্রলোক তথন কি করতেন? আমরা দেখেছি অর্ণা আসফ আলী ধখন কলকাতার আসতেন সোমস্থাখবাব্কে ইংরেজ প্রিলস লাগাতেন খবর নেবার জনা, সোমনাথবাব্ হলেন ভখনকার দিনের ইংরেজের স্পাইদের ডি সি এস বি-র ইন্ফরমারদের বে লিস্ট তার টপম্যান। স্পার, আরো খবর আছে, ১৯৪৮ সাল থেকে ১৯৫০ সাল—

Dr. Marayan Chandra Roy: Sir, I draw your attention to what he is saying. He has said that Shri Lahiri in an S. B. man. I ask on a point of privilege whether he would be allowed to make such statement. I ask your protection.

Shri Nepal Chandra Ray:

বাহি বলছি এজন্য এই কথাণ্ডলি দায়িছ নিয়ে, এস বি রেকর্ড বদি এখানে হাজির করা হয়, বাহি দেখানে পারব—কানাইবাব, কেন ভূমি চোটামেচি করছ, আমাকে বলতে দাও—

Dr. Narayan Chandra Roy:

স্যার, আর্পনি তাঁকে উইখড্র করতে বলনে কারণ আমাদের একজনের নাম করে এই অ্যাসেমব্রি জ্বোর একজন মেশ্বাস্থকে

he has painted out that he is an S.B. man আমি তাঁকে এটা উইণ্ড কৰতে বলচি অন এ প্ৰেণ্ট অব সিভিলেজ।

Shri Nepal Chandra Rov:

কখনো উইথড করব না.

I know it definitely, his name headed the list of D. C. S.B. men স্যার, আজকে আমি কেন বলছি ফারার রিগেড বাড়াবার জন্য—আমাকে স্যার ১৫ মিনিট টাইম দেবেন।

Mr. Deputy Speaker:

১৫ মিনিট হয়ে গেছে।

Shri Nepal Chandra Roy:

আপনি হার বরলে আমার কিছা বলার নেই বহতেই হবে।

Dr. Narayan Chandra Roy:

আমি আবাদ প্রিভি**লেজ তুলে রাথছি।**

12-10-2-20 p.m.l

শ্রীরাধানাথ চটুরাজঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাঁরভূম জেলা, খাদ্য সম্পর্কে চিরকালই বাড়তি জেলা ছিল, কিন্তু এ বংসর এর অবন্ধা ভয়াবহ হয়ে দাঁড়িরেছে, আপনি এও জানেন যে, আজকের সভায় আমাদের জেলার ২ জন সদস্য জেলার ভয়াবহ খাদ্য পরিন্ধিতি সম্পর্কে কলিং এাটেনসান দিয়েছেন, এবং আজকের আনন্দবাজারে জেলার খাদ্য পরিন্ধিতি সম্পর্কে যে সংবাদ বাঁরয়েছে সেটা আমি আপনার কাছে রাখতে চাই, সংবাদদাতা বলছেন যে, ধানোর অসা বিক ম্ল্য বৃন্ধিতে স্বচ্পআরবিশিত চাবাঁগণ অতানত উন্বিশন ও বিপাম বোধ করিতেছে। বাত সাতদিনের মধ্যে ধানোর ম্ল্য প্রতি কুইন্টাল ৪২ টাকা হইতে ৪৬-৫০ নরা পরসায়, অব বিএও প্রতি মণ উঠিরাছে। আড়তদারগণ মিলে আরও বেশা ম্ল্য পাইতেছেন বারসায়গণ আশা করিতেছেন যে, সরকার নিজ্জির থাকিলে ধানোর ম্লা ৫০ টাকা কুইন বিভার কুইন মন্ত্রা পরসা টনে পোছাইবে। এই জেলার ধানোর সর্বোচ্চ ম্লোর মেকার বি

শতকরা ৭৫ ভাগ চাবীর উৎপান ধান্য প্র ঋণ, জমির খাজনা, ধান্যাদি পরিলোধে মাখ মাসের মাঝার্মারি হইতে ফালেন্ন মাসের মাঝার্মারি নিঃশেষিত হর। এ বংসর ক্যানেলবহিত্তি ব্যাপক অন্যলে উৎপাদনের হার অত্যন্ত কম এবং অক্তলবিশেবে অজ্বন্মা হওয়ায় মাখ মানেই ছোট চাবীদের ধান্যাদি শেষ হইয়াছে। নগদ মালে প্রয়েজনীয় ধান্য বা চাউল ক্রয়ে ক্ষমতা ভাহাদের নাই। 'বড' চাবীর নিকট হইতে দেড় গাল সালে প্রয়েজনীয় ধান্য বা চাউল ক্রয়ের অহায়া সংসারের প্রশালন মিটায়। চাউল ক্রয় না করিয়া কর্তক্তিত ধান্য হইতে প্রস্তুত করে। কিন্তু ধানোর অর্থিক ম্বা বৃশ্বিতে এবং ভবিষতে সরকার কোন ব্যক্ত্যা অবলম্বন করিয়া ম্বা নিয়ল্য বা উম্বৃত্ত পান্য বিশ্বিত মুল্যে ক্রয় করিতে পারে, এই আলম্কার ধান্য কর্ত্ত বিশ্বা অবেশকা চড়া দরে বিক্রম করিতে অধিকতর উৎসাহী। কলে সামারণ চাবীমারেই অতিশর বিশাস বোধ করিতেছে।

চাউলের ম্লাও দ্রুত বৃদ্ধি পাইতেছে। বর্তমান দর চিশ টাকা মণ। ফলে ভূমিহীন কৃষক, মজুর ও চাকুরিরা মধ্যবিত্তদের দ্রুদশার অন্ত নাই। পাক্ষিক রিটার্ন, নানাভাবে হিসাব রাখার ব্যবস্থা, প্রতিটি থরিন্দারের ক্যাশমেমো প্রভৃতির ঝামেলা ও সর্বোপরি নামমাচ লভ্যাংশ ইত্যাদি নানা কারণে আংশিক রেশনের দোকান করিতে ব্যবসায়ী মাচেই নারাজ। পল্লী অঞ্চলে রেশন দোকানের জনা উপযুক্ত ব্যবসায়ী পাওয়া যায় না।

রেশন দোকানগালৈ নির্মিত চালা থাকিলে সাধারণ লোকের দাংখ দাদ শার বহালাংশে লাঘ্য হইত। ইতিমধোই পল্লী অঞ্চলে শুধু দুমুলিটে নয় দুম্প্রাপা হইয়া উঠিয়াছে। এই সময়ে বাংলার প্রধানতম থাদা, ধানা ও চাউলের দর অম্বাভাবিক ব.মিধ পাওয়ায় গ্রামবাসিগ্র আজ চরম দার্দশার সম্মুখীন। মধ্যবিত্ত গাহস্থগণ আজ দিশাহারা। ধানোর দর মণ প্রতি সাডে আঠার-**উনিশ ও চাউলের দর হিশ টাকা অবধি উঠিয়াছে। চাষীদের হাতেও আজ ধান্য নজ**্ত নাই। কারণ এ বংসর আপংকালীন পরিম্থিতির দরনে, চাপ দিয়া খাজনা ও জলকর আদায় করার ফলে তিন-চার বংসরের বকেয়া সব মিটাইতে চাষিগণ সব ধানা বিক্রয় করিতে বাধা হইয়াছে। তদ পরি কেন্দ্রীয় সরকারের বাজেটের প্রতিক্রিয়ার ফলে অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রবের অণ্নি-মাল্য হওয়ায় আজ গ্রামীণ অর্থনৈতিক কাঠামো চরম বিপর্যায়ের সম্মাখীন। এই হচ্ছে আনন্দ-বাজার পত্রিকার সংবাদ। সেদিন ত্রাণমন্তী তিন সত্য করে বলোছলোন, বাংলাদেশের কোন **ला**क्टक ना त्थरप्र मतरूठ प्रस्ता ना वर माथामग्ती महामग्नु वर्लाष्ट्रलन वरे वकरे कथा। जाल টেচ মাসের মধ্যেই এই অবস্থা এই অবস্থা প্রতিকারের জন্য কি ব্যবস্থা করেছেন, ও তুর জন্য কি করেছেন তাঁর নিকট জানতে চাই ? এ অবস্থা থেকে পরিচাণ পেতে হলে অবিল্যুন্ত পল্লী অঞ্চলে ও প্রতিটা অঞ্চলে একটা করে সম্ভায় খাদাশসোর দোকান প্রতিষ্ঠা করা প্রয়োজন বলে মনে করি. এবং অবিলন্দের টেস্ট রিলিফ-এর কাজ দিয়ে গ্রামবাসিগণের জীবন বাঁচানোর জন্য আমি মন্ত্রি-মহাশয়ের দুন্টি আকর্ষণ করছি। আমার দ্বিতীয় বস্তব্য হল ১৯৫৬ সালে বন্যার পর বন্যাবিধ্যুস্ত অন্যলে বিশ্ত হৈয়ের অউন হাউস স্পিকম পরিচালনা করেছিলেন এবং মডেল ভিলেজ স্কিম গ্রহণ করেছিলেন তার জনা ডিপার্টমেন্ট হয়েছে র রাল রিকনন্দ্রাকশন ডিপার্টমেন্ট সে ডিপার্টমেন্ট-এর অফিস রয়েছে, সে অফিস সম্বন্ধে আমি বলতে চাই, আমার এলাকায় ২৭ একর জাম পশ্চিমবুজা সরকার একোয়ার করেছেন এবং সেখানে মডেল ভিলেজ স্ক্রিম স্থাপন করবার জন্য কাজ আবদ্ধ करताहरून, এবং গত বংসর বখন মডেল ভিলেজ স্ক্রিম-এর জন্য টাকা মঞ্জার ছিল না-সে সময় পরলোকগত মুখামন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এটা বলেছিলেন, আমি তাঁর সন্ধো দেখা করেছিলাম, আমি ফেমিন ও রিলিফ খাতে ঐ টাকা রেখে দিরেছি, এ দিরে মডেল ভিলেজ স্কিম পরিচালনা कराता. এর জনা ভয়ের কারণ নেই। এখন সে জায়গায় অনেক পাট পড়ে আছে সে প্লটগুলোয় বসবাস করবার জন্য বহু, লোক দরখাস্ত করেছে, কিস্তু সে দরখাস্ত অনুবায়ী স্লট বিতরণ করা হচ্ছে না, সরকার যদি সাহাষ্য না করেন তাহলে যারা বসবাস করছে—তারা সেখানে নিজের পয়সা ব্যব্ধ করে ধসবাস করছে, কিল্ড সরকারের যেখানে পার্রমিসন দেওয়া দরকার সেখানে তারা পার্মিশন পায় না। সেখানে একটা কমিউনিটি হল নিমিত হয়েছে সে কমিউনিটি হলে বাতে নাইট স্কল হ'ত কিন্ত সরকারের পরিচালনার অভাবে নাইট স্কল বন্ধ হয়ে গেছে কমিউনিটি হল এমনি পড়ে আছে। সে বিলিডংকে অনাভাবে কাজে লাগান যার সেখানে অঞ্চল পণ্যায়েতের ছফিস করা যায় সরকারী সমতা চালের দোকান করা যার। আমি মন্ত্রিমহাশরের দুভি আকর্ষণ করতে চাই এ বিলিডংগ্রালিকে সংব্যবহার করবার জনা। দ্বিতীয় কথা হচ্চে পশ্চিমবংগ সরকার একটা সাবডিভিসনাল হৈলথ সেল্টার করবার জন্য জারগা দখল নিরেছেন এবং তার সীমানা ভিমারকেটেড হয়ে গেছে। স্থানীয় জনসাধারণ যে টাকা দেবে বলেছিলো সেই ১৯ শত টাকা তারা দিয়েছে **এবং সেখানে আদর্শ পল্লী হয়েছে যাতে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হর তা**র জন্য স্বাস্থ্যমন্ত্রীর দুন্দি আকর্ষণ কর্মছ। এই পরিকল্পনা ১৯৫৮ সালে হরেছিলো তখন এ বিভাগের ভারপ্রাণ্ড মল্টী তর প্রাণিত ঘোষ ছিলেন।

[2-20-2-30 p.m.]

সেখানে আমানের ভারপ্রাপ্ত মন্দ্রী মাননীর তর্গকান্তি খোব মহাশর ছিলেন এই স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের বখন প্রথম কাজ হয় কিন্তু আজ পর্যন্ত কাজ হয় নি। বাতে সম্বর সেখানে স্বাস্থ্য-

ত্তুল নির্মাণ হয় সে বিষয়ে আমি আপনাদের দূল্টি আকর্ষণ করছি। আর একটা জিনিস লালপত্রে থানার শিবাগ্রাম সম্বন্ধে। এখন সেই মডেল ভিলেঞ্চটির ব্যাপারে বাস্তা মল্টীর আছে ন্ধিরেছিলাম তিনি জ্বানেন সব কথা তার পর ডেভেলপমেন্ট কমিশনার বলেছিলেন যে ঐ রাস্ডাটা মোরাম দিয়ে তৈরি করা হবে আমরা ভারত গভর্নমেণ্টের কাছ থেকে টাকা পাচ্চি স্সাট্য মান u মাইল রাস্তা—সেই রাস্তাটির বোগাযোগ বিশেষ প্রয়োজন তার কারণ ঐ অঞ্চলে আর তেমন বাসতা নেই—কিনত তৈরি হয় নি। ঐ রাসতাটা যদি তৈরি হয় তাহলে ঐ অঞ্চলের কয়েক লক্ষ লোকের সূর্বিধা হবে। সেইজন্য আমি মাননীয় মন্দ্রিমহাশ্রের দুল্টি আক্ষ্রণ কর্বছি যাতে 👌 রাস্তাটা তৈরি হয়। আমার ততীয় কথা হচ্ছে এই যে দেশের জরারী পরিস্থিতির জনা আনক হেলথ সেন্টার হওয়া কর্ম রয়েছে। কিন্ত আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আক্ষণ করবো বে সমসত জায়গায় টাকা দেওয়া হয়েছে. জমি দেওয়া হয়েছে এবং বিভাগীয় তদনত হয়েছে সেই সমুক্ত জায়গায় যাতে স্বাস্থাকেন্দুগালি হয় সে বিষয়ে তারা যেন তংপর হন এবং সেখানে যাতে প্রায়রিটি দেওয়া হয় সেদিকে আমি বিশেষ করে আমি আপনার দুঞ্জি আক্ররণ কর্ছি। আর একটা কথা সারে ইতিহাস প্রসিদ্ধ বাদশাহী শহর- এট রাস্তা উত্তরবংগ থেকে দক্ষিণবার প্রস্কুত বিষ্ঠত এই রাষ্ট্রটি হোসেন সার তৈরি এই রাষ্ট্রা বর্তমানে পশ্চিমবাংলার ঠিক মার্যখান দিয়ে বাচ্ছে এবং এই রাষ্ট্রটি অজয় নদের উপর থেকে ময়ুরাক্ষী নদীর ঠিক দক্ষিণ পর্যক্ত ভ্রার্হার্য হয়ে পড়ে লাছে: এই রাম্তা যদি মেরামত করা হয় ত হলে ঠিক পশ্চিমবুজা থেকে দক্ষিণবুজা উত্তরবংগ ঘারে আসা যাবে ভাছাড়া যে গংগা বারেজ তৈবি হচ্ছে ওখানে দুর্গাপুর তেকে বিভিন্ন জিনিস লবি দিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে এবং প্রসর উপকার হবে সেয়েনা আমি বাদশাহী সড়ক যাতে তৈরি হয় তার জন্য দুটিট আক্ষাণ কর্মছে। আর **একটি কথা** বীর্ভু**ল জেলার** ব্রফোররে একটি উষ্ণ প্রস্তবন আছে বাংলাদেশের এই হট স্প্রীং আর রোগাও নাই এই জ্ঞানে দ্যান করলে নানাবিধ দ্কীন তিজিস সাইটিকা এবং দ্যাহাটিত <mark>ব্যায়রাম এবং ঐ জল পান করলে</mark> জনেকরকম পেটের ব্যায়রাম ভাল হয় সেখানে বহা যাত। নিতা আসেন এবং সেখানে কেউ থাকতে পায় না—আপনারা বহু, কোটি টাকা বায় করছেন কিল্ড এই জিনিস্টা যা বাংলাদেশে আর কোণাও নেই এই আয়ুগাটা যদি বাবহার্যোগ্য করা হয় ভাহতির একটা **অশেষ কল্যাণ** হবে বলে **অমোর** মনে হয় সেখানে মাত্রীরা যে থাকতে পায় না অন্তত একটা যদি শেষত করে দেন ভাষলে অনেকের উপকাৰ হয়। এবং সেই জল ক্যাসিহালি ক্ৰহাৱ বহা যায় বিনা এটাও আমি আপনাদের ভেবে দেখবাৰ জনা অনুৱোধ কৰি।

Shri Somnath Labiri: On a person d explanation, Sir,

আমি তখন হাউসে ছিলাম না, আমাদের মাননীয় সদস্য নেপাল রায় নাকি বলেছেন আমি টেলিফোন করে অনেক লোককে ধরিয়ে দিচ্ছি এবং আমি নাকি ১৯৪২ সালে প্রনিষের ইনফরমার ছিলাম। আমি নেপালবাব্র বন্ধব্য সাধারণত ধর্তব্যের মধ্যে আমি না। ঐ যে কথায় আছে— পাগলে কি না বলে, ছাগলে কি না খায়। যেহেতু ওটা প্রসিডিংসে থাকবে, সেইজন্য আমার্কে বলতে হচ্ছে তিনি যা বলেছেন, তা সম্পূর্ণ অসত্য।

Shri Nepal Chandra Ray:

(আমি ডি সি এস বি-র কাগজপত্র থেকে সেটা দেখিয়ে দিতে পারি।)

Shri Nathaniel Murmu:

মাননীয় ডেপ্টে স্পীকার মহাশায়, আমি সাণিলমেন্টারী বাজেটের উপর বলবার সময় উত্তর বাংলার একটি বিশেষ সমস্যার প্রতি হাউসের দৃশ্টি আকর্ষণ করবার চেন্টা করছি, আপনি জানেন গত বছর নর্থবেগল ইউনিভাসিটি গঠন করা হয়েছে: শিলিগট্বি তার হেড কোয়াটার্স হয়েছে। আজ যখন আমি বছুতা দিছ্লি—এই সময় তার যে অবন্ধা, তাতে আগামী বছর এই ইউনিভাসিটি সম্বশ্যে একটা বারন্থা অবলম্বন করা উচিত। আগামী বংসরও নামকাওয়াস্তে একটা ইউনিভাসিটি থাকবে। আজ জর্রী অবন্ধায় সেই ইউনিভাসিটি বিল্ডিংসে মিলিটারী বাহিনী রাখা হয়েছে। সেই ইউনিভাসিটি বিল্ডিংস এখন মিলিটারী বাহিনীর হেপাজতে রয়েছে। এখন ইউনিভাসিটির কাজকর্ম সব শিলিগট্বি কলেজ তোলেটলে চলছে। এই বছর যখন পরীক্ষা হছেছ কথাবার্তা সৈঠছে, এই বছর এও নতন ছাত ভর্তি হতে দেখছি যে ফিক্স ইয়ার-এ সেখামে

জান্ত্রণা নাই। প্রিলিসগালে সেজক-জেনারেল চৌধুরীর কাছে চিঠিসর লিখেছেন, সেলাল প্রভার্তমন্ট প্রাদেশিক গভনতিমন্টের কাছে লিখেছেন। অথচ বত্তটা জানতে পেরেছি তাতে দেখছি সেই উনিভালি।টর কাজ কিছুতেই চলছে না, এই সম্পর্কে সূত্র্য কোন ব্যবস্থা এখনো হয় নাই। আজ বখন জার্রী অকস্থা, সেখানে নিশ্চরই মিলিটারী বাহিনী থাকবে। তাতে আপত্তি করিছি না। তবে সেখানে বাতে ছেলেদের পড়াশুনা চলতে পারে, ফিফ্খ ইয়ারে ন্তন ছাত্র ভার্তি হতে পারে, তার জনা মুখ্যসল্টীর দুলি আকর্ষণ করিছে।

বিলিক্ত সম্পর্কে একটা অভিযোগ আনতে চাই। দুর্ভাগ্যক্তমে রিলিফ মন্দ্রী তিনি এখন চলে कारकत । कार्यकत तर ८२२ अम्भूर्क य উछत्र मिस्त्ररहन—छभन थानात रहेके तिनिक अन्तरन्ध একটা দুন্নীতির অভিযোগ এনেছিলাম। উত্তর বা দেওরা হরেছে, তা ব্রেতে পারি। দুন্নীতির একটা ঘটনা ধামাচাপা দেওরা হরেছে—সেটা হচ্ছে ১৯-১০-৬২ তারিখে। তপন থানার টেস্ট বিলিয়ে একটা বাস্তার কাজ হলো। সেখানে ৪০১ জন লোক কাজ করেছে। টেস্ট রিলিফের কালের একটা সিস্টেম হলো কাজ বখন আরম্ভ হর, তার পেমেন্ট স্লিপ মোহরার দের। মাটি কাটার কাজ শেষ হলে ব্যালটমেন্ট স্লিপ পে-মান্টারের কাছে নিয়ে যার। তাতে গম দেওরা হয়। মাটি কাটা শেষ হয়ে প্রেছে বারটার পে-মাস্টার আসেনি। হঠাং একটা লোক এসে খবর দিল আঞ্চতে পেমেন্ট স্পিপ দেওৱা হবে না। লোকেরা তখন মহরারকে গিয়ে ধরল, আমরা কোন পেমেন্ট विकाश शार्टीन। आश्रीन वीम काक वन्ध कदायन ठिक कदा रात थारक छाराम आर्था रकन कानारमन না ? রাস্তার মাটি কাটিয়ে ওরা আর কিছা তাদের জনা ব্যবস্থা না করে সেখান থেকে সটকান ভিল্প। কোনবক্তম খেলি খবর আর তাদের পাওয়া বার না। ঠিক বারোটায় রিলিফ অফিসার সেখানে এলো। তথন রকের নারায়ণ ব্যানান্ত্রী ঐ ঘটনার কথাটা তললেন তিনি সেই ঘটনা শনে শ্বে দুঃখিত হলেন এবং তরণ গ্রামের মনোরঞ্জন অধিকারী বলে একজন ভদ্রলোকের উপর ভার দিলেন যে, যখন এদের আলেটমেন্ট স্লিপ দেওয়া হয় নাই, তথন আপনি এর একটা খসড়া হিসাব ক্লাখনে এবং সেই খসডা হিসেবটা আমার কাছে ও বি ডি ও-র কাছে পেশ কর্ন। এবং পরে আপনি এদের গম দেবার ব্যবস্থা কর.ন।

[2-30-2-40 p.m.]

- (২) গ্রুকরা রেঞ্জে ৩৩টি ক্ষেত্রে বেআইনি কাজ ধরা পড়িয়াছে এবং জরিমানা আদার করা হইরাছে ৩টির ক্ষেত্রে আদালতে মোকন্দমা করা হইরাছিল। ইহার মধ্যে ২টি ক্ষেত্রে অপরাধীরা দোষ স্বীকার করায় এবং জরিমানা দেওয়ায় এই দুইটি মোকন্দমা আদালভ হইতে উঠাইয়া লওয়া হইয়াছে। বাকী একটি মোকন্দমা এখনও বিচারাধীন। ৬টি ক্ষেত্রে অপরাধীদের ধরা যায় নাই।
- ছে। গাড়ে পতি-একর শাল জঙ্গাল ১৫ চইতে ২০টি মাদার টি রাখা হয়।

Roads Crant to Ausgram Development Block No. II

518. (Admitted question No. 983.) Shri Manoranjan Bakshi:

সমাজ উল্লয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি-

- (ক) বর্ধমান জেলার আউসগ্রাম ২নং উন্নয়ন সংস্থায় গত ১৯৬২-৬৩ সালের **আর্থিক** বংসরে রাস্তার জনা কত টাকা সরকারী গ্রাণ্ট ছিল:
- (খ) উক্ত গ্রান্ট হইতে কত টাকা কাঁচা রাস্তা ও পাকা রাস্তা নির্মাণে খরচ হইয়াছে: এবং
- (গ) কাঁচা রাস্তা নির্মাণের জনা উল্লয়ন সংস্থা কর্তক অর্থসাহাযোর নিয়ম আছে কিনা?

The Minister for Community Development and Extension Service:

- (ক) উত্ত রকে বর্তমান আর্থিক বংসরে কেবলমার কাঁচা রাস্তার জন্য ১৫,৬৮২ অ**র্থ মঞ্জর** হইয়াছে।
- (খ) ৩,৫৫৯ টাকা (কাঁচা রাস্তার জনা)। বৃত্মান আর্থিক বংসরের মধ্যে আরও ২,০০০ টাকা খরচ হইবে আশা করা যায়।
 - (গ) হাা।

Santal Villages in Ausgram and Kanksa police-station

- 519. (Admitted question No. 985.) Shri Monoranjan Bakshi:
- আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মান্ত্রমহাশয় অনুগ্রহপূর্বক জানাইংবন কি--
 - (ক) বর্ধমান জেলার আউশগ্রাম ও কাঁকসা থানায় সাঁওতাল আদিবাসী-অধানুষিত প**র**ীর সংখ্যা কত ;
 - (খ) আউশগ্রাম ও কাঁকসা থানার কোন্ কোন্ সাঁওতাল আদিবাসী পল্লীতে সরকার হইতে পানীয় জলের বাবস্থা করা হইয়াছে এবং কোন্ কোন্ পল্লীতে পানীয় জলের বাবস্থা নাই; এবং
 - (গ) উক্ত যে সকল পল্লীতে পানীয় *ছালে*র কোন বাবস্থা নাই সেই সব পল্লীতে পানীয় **জলের** জন্য সরকার হইতে নলকপে বা ই'লারার কোন বাবস্থা করা হইয়াছে কি:

The Minister for Tribal Welfare:

(ক) আউশগ্রাম থানা—৩৩টি

কাঁকসা থানা—৯টি

কান গ্রামেরই আদিবাসী বাসিন্দার সংখ্যা মোট জনসংখ্যার অধেকের বেশী নয়।

- (খ) নিম্নে রক্ষিত 'ক' বিবরণী দ্রুটব্য।
- ্গ) পানীর জলের অভাব রহিরাছে এমন প্রত্যেক পল্লীতেই ক্রমশঃ নলক্প বা ই'দারা খননের নির্কণ্ণনা সরকারের আছে।

Statement (Ka) referred to in reply to clause (Kha) of unstarred question No. 519.

বর্ধস্বান জেলার আউশগ্রাম ও কাঁকসা থানার আদিবাসী-অধ্যুবিত বে পল্লীতে পানীয় জল সরবরাহের ব্যবস্থা হইয়াছে এবং হয় নাই তাহার তালিকা

পানীয় জল-সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে এমন পদ্লীর নাম

আউশগ্রাম থানা

(১) চণ্ডীপরে	(১৫) ধনজাপ্যা
(২) জয়য়য়পর্র	(১৬) জামডাড়া
(৩) হারাগরিয়া	(১৭) সাহেবগঞ্জ
(৪) ছড়া	(১৮) হামিরপ্র
(৫) এরাল	(১৯) ব্যকুর
(৬) অভিরামপ্র	(২০) ভাটকুনা
(৭) কারটিয়া	(২১) গোপালপরে
(৮) ন্সিংহপ্র	(২২) ভেলেডাপ্গা
(৯) মালগু	(২৩) ডিগ্রিডাপ্গা
(১০) আমড়ারগড়	(২৪) রাধারামপর্র
(১১) যাদবগঞ্জ	(২৫) কুলডিহা
(১২) তেলাভা	(২৬) রা জ্যাখিলা
(১৩) মধ্যলপরে	(২৭) যাদ্বগরিয়া
(১৪) মালিয়ারা	(২৮) চন্ডীপার ডাণ্গা

পানীর জল সরবরাহের ব্যবস্থা এখনও করা হয় নাই এমন পল্লীর নাম

আউশগ্রাম থানা

- (১) চন্ডীপরে ডাপ্গা
- (২) শিববাটি
- (৩) চোরা
- (৪) সাহাপ্র
- (৫) কায়ারপরে

্, পানীর জল-সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে এমন পালীর নাম

कौकमा धाना

- (১) বেলডাগ্গা
- (२) भनागवनी
- (৩) আন্ধাশ,লি
- (৪) লবন্ধা
- (৫) বাসন্দহ
- (৬) ডাণ্গল
- (৭) গোঁসাই ডাপ্গা
- (৮) ডোমরা

পানীয় জল সরবরাহের ব্যবস্থা এখনও করা হয় নাই এমন পল্লীর নাম

ককিসা থানা

(১) নারিকেল ডাৎগা

Damodar navigable canal

- 520. (Admitted question No. 986.) Shri Aswini Roy:
- সচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) দামোদর নৌ-খাল খননের কাজ কতদূর হইয়াছে: কি পরিমাণ কাজ বাকি আছে; এবং
 - (थ) थे थारल त्री-हलाहल करत इटेंट आवम्छ इटेंरन विलया आगा कहा शास ?

The Minister for Irrigation and Waterways:

- (ক) দামোদর নৌ-খাল খননের কাজ প্রায় শেষ হইয়াছে, কুদিত নদীর মোহনায় পলিমাটি দিপসারণের কার্য চলিতেছে।
 - (খ) এ সম্পর্কে কোন নির্দিষ্ট দিন স্থির হয় নাই।

Lands irrigated from D. V. C. irrigation canals and Eden canal

521. (Admitted question No. 987.) Shri Aswini Roy:

সেচ বিভাগের মাননীয় মশ্চিমহাশয় অনুগ্রহপ্ত জানাইবেন কি, দামোদর ভার্তির সেচ শালগ্রিল ও ইডেন ক্যানেল হইতে বর্ধমান জেলার কোন্ কোন্ থানায় রবিশস্যের জন্য ৯৯৬০-৬১, ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত কত একর জামিতে জল সরবরাহ করা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

বিবরণী এতংসহ প্রদত্ত হইল:--

	526-65	> \$%-62	১৯৬২-৬৩ (ফেব্রুয়ারি পর্যক্ত)
থানা	একর	একর	একর
বর্ধ মান	২ 8২	১,৪৫২	৬৯৫
মেমারী	৫, ২৪৬	৬,১৮৬	৫,৯৬০
कानना	३,० ३४	৩,০৬৫	२,৯৫৪
গলসী	804	3,686	A @0
ভাতার	५ २७	960	960
জামালপ্র	2.44 0	2,222	۵,۹00
बर् न्छ वत्र	882	৩৬৫	জল দেওরা হয় নাই।

Lands irrigated by D. V. C. canal water

- **522.** (Admitted question No. 992.) **Shri Aswini Roy:** সেচ বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) দামোদর ভ্যাল কর্পোরেশনের দক্ষিণ ও বামতীরবতী খাল হইতে ১৯৬২-৬০ সালের খারিফ শস্তের জনা নতুন জয়িতে জল-সরবরাহের পরিকল্পনা আছে কিনা; এবং
 - (খ) পরিকল্পনা থাকিলে, কোন্ থানায় কোন্ মৌজায় কত পরিমাণ জমিতে জল-সরবরাহ করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

- (ক) ১৯৬২ সালের থারিফ শস্যের জন্য দামোদর ভালি কর্পোরেশনের দক্ষিণ ও বাম-তারবতা খাল হইতে মোট ৬,২৪,৭২৯ একর জমিতে জল সরবরাহ করা হইয়াছে। ইহার মধ্যে তংপ্রবংসর অপেক্ষা নতুন জমির পরিমাণ প্রায় ৩২৭ একর। ১৯৬৩ সালের থারিফ শস্যের জন্য আরও নতন জমিতে জল সরবরাহ করার প্রস্তাব আছে।
- (খ) কোন্ থানায় কোন্ মৌজায় কত পরিমাণ জীমতে জ্ঞল-সরবরাহ করা হইবে, সে সম্বন্ধে চড়োক্ত সিম্ধান্ত এখনও গ্রহণ করা হয় নাই।

Particulars of work on both banks of the D.V.C. Main canal

- **523.** (Admitted question No. 995.) **8hrl Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state the particulars of works proposed to be done in 1963-64 both on the left and right banks of main canals and their branches of the D.V.C. in relation to—
 - (a) construction of regulators;
 - (b) bridges:
 - (c) cross-drainage;
 - (d) syphons:
 - (e) inlets and falls over distributaries:
 - (f) excavation of canals; and
 - (g) expansion and extension of canals, it any?

The Minister for Irrigation and Waterways: A statement showing the particulars of work likely to be taken up by the D.V.C. in 1963-64 both on the left and right banks of the main canal of D.V.C. and their branches is laid on the Table.

Statement referred to in reply to unstarred question No. 523

(1) Regulators (including gates outlets) 115 Nos. 65 Nos.

(2) Bridges (including culverts) 35 Nos. 8 Nos.

(3) Cross-drainage

(4) Syphons 80 Nos. 20 Nos.

(5) Inlets and falls over distributaries

(6) and (7) 35 Nos, of water courses on the left bank and 5 Nos, of water courses on the right bank of main canals and their branches are proposed to be taken up by the D.V.C. during 1963-64.

Cold storage in Burdwan district

524. (Admitted question No. 997.) Shri Aswini Roy:

কৃষি বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) বর্ধমানের হিমারর শিল্প কোন সালে প্রতিষ্ঠিত হইয়াছে:
- (খ) ইহার সংস্থাপনের জন্য বিভিন্ন থাতে সরকারী ও দামোদর ভ্যালি কর্পোরেশনের বন্ধ কত হয়
- (গ) উক্ত হিম্মরে গুদামজাত করিবার সর্বোচ্চ সামা কত:
- (ঘ) বিভিন্ন ফসলের জনা গুদামজাত করার ভাডার হার কি:
- (৬) গত তিন বংসরে এই হিমঘরের কত আয় ও বায় হইয়াছে: এবং
- (চ) ইহার বর্তমান মালিকানা কাহার?

The Minister of State for Agriculture:

- (ক) ১৯৫৬ সালে। কানাই নাটসাল।
- (খ) দামোদর ভ্যালি কর্পোরেশনের হিসাব অনুযায়ী বর্ধমানের হিম্মর শিল্প স্থাপনের জন্য ৪,৩২,৩৩০ টাকা খরচ হইয়াছিল। কেন্দ্রীয় সরকারী খাতে বায়ের সংবাদ আমাদের জানা নাই।
 - (গ) রাজাসরকারের অন্মিত হিসাব অন্সারে বর্তমানে ১৩.৫০০ মণ।
 - (ঘ) এবং (ঙ) বর্তমানে জানা নাই।
- (চ) বর্তানে মালিক দামানে ভালি কপোরেশন। উত্ত হিম্মর শিশপ ডি ভি সি-র দ্**থল** ইইতে পশ্চিম্বংগ সরকারের দ্বলে এখনও আসে নাই। স্তরাং (ছ) এবং (৩) প্রশ্বাবলীর উত্তর দেওয়া এই বিভাগের পক্ষে সম্ভব নহে।

Bhatar Primary Health Centre

525. (Admitted question No. 998.) Shri Aswini Roy: ব্যাহ্য বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

- (ক) বর্ধমান জেলার ভাতাড় থানা স্বাস্থাকেন্দ্রের কার্য আরুত হইয়াছে কিনা:
- (থ) কাজ আরুত হইয়া থাকিলে, তাহা কতদূর অগ্রসর হইয়াছে: এবং
- (গ) উহার নিমাণকার্য কখন শেষ হইবে বলিয়া মনে করা যায়?

The Minister of State for Health:

- (ক) ভাতাড় প্রার্থামক (থানা নহে) স্বাস্থাকেন্দ্রের কার্য আরুভ চইয়াছে।
- (খ) আনুমানিক শতকরা ২৫ ভাগ নির্মাণকার্য সম্পন্ন হইয়াছে।
- (গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

Health Centres for Murshidabad district

528. (Admitted question No. 1002.) Shri Birendra Narayan Roy: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state the names and locations of various Health Centres proposed to be set up in the Third Five-Year Plan in the Murshidabad district?

The Minister of State for Health: A statement is enclosed.

Statement referred to in reply to unstarred question No. 526

Nama	Nama of Block.	Names s	and locatic tively	ons of Hear	ith C.	Names and locations of Health Centres already administra- tively approved for construction.	etra-	Proposed	Hoalt	Proposed Health Centres.
		Primer	Primary Health Centre.	entre.	\ °	lubsidiary Health Cent	į	Subsidiary Health Centre. Primary Health Centre.		Subsidiary Health Centre.
	E		(2)			(8)		(*)	•	(8)
Nabagram	:	Nabagram	ram	:	Ami	Amirabad				
Jinganj	:	:	:			l. Palsanda				
					2.	2. Lalkuti				
Segardighi	:	:	:		-:	1. Suryapur	:	Sagardighi	:	
					oi oi	Singeswari-Gouripur				
Burwan 🗸	:	:	:			Kharjuna (Sabaldah Union).	dah			
Bharatpur I	:	:	٠			:		i		Amini
Bharatpur II	:	:	:			1. Tenya (Baidyapur Union) Salar	ion) \$	Salar	:	:
					~i	2. Kagram				
Farakka	:	:	:			:	GC.	Site not yet selected	:	Site not yot selected.
Nowda	•	:	:			:		:		Patkabari
Samserganj	:	:	:			;	3 2	Site not yet selected	:	
Raghunathganj 1		:	:					Ditto	:	l. Daffaripur.
										2. Site not yet selected.
Raghunathganj 11	ti ja	:	:					Ditto	:	1. \\ \{\text{Sites not yet selected.} \}
										n i

:	Site not yet solected.	Hetinagar.	1. Site not yet selected.		1.) Sites not vet malected.	2. J Ditto.	2. J . 1. } Ditto.	2] .: 1. } Ditto.
Ahiron	Site not yet selected	Ditto	:	:	Raninagar	B lag wangola	Site not yet selected	Leigela
:	:	:	:	Faridpur	:	÷		
•			٠	:				
			:	:	:	:	:	:
Sati 3	Suti "I	Berhampere	Domkal	Jalengi	Raninagar	Bhagwangola I	Bhegwangola II	Lelgola

Lift irrigation scheme in Harishchandrapur police-station of Malda district

- 527. (Admitted question No. 1004.) Shri Birendra Kumar Maitra: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—
 - (ক) মালদহ জেলার হরিশ্চন্দ্রপরে থানার খিদিরপরে গ্রামে বা দোলতনগর মৌজায় কালিন্দী নদী হইতে জল তুলিয়া সেচের প্রলিফট্ ইরিগেশন) কোন পরিকল্পনা সরকার পাইয়াছেন কিনা:
 - (খ) পরিকল্পনা পাইয়া থাকিলে---
 - (১) উহা মঞ্জাকত হইয়াছে কিনা, এবং
 - (২) কর্তাদনে এই পরিকল্পনা কার্যকরী হইতে পারে?

The Minister of State for Agriculture:

- **(ক) হাাঁ**≀
- (ৰ) (১) হা[†]।
- (২) কাজটি করিবার জন্য টেল্ডার ডাকা হইয়াছে।

Maternity Centre at Barui in Malda district

- 528. (Admitted question No. 1006.) Shri Birendra Kumar Maitra:
 স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) ইহা কি সতা যে, মালদহ জেলার বড়ই গ্রামে মাতৃসদন স্থাপনের জন্য সরকারের নিকট জনৈক ভদুলোক একটি দ্বিতল বসতবাটী দান করার প্রস্তাব দিয়াছেন:
 - (খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কতদরে অগ্রসর হইয়াছেন:
 - (গ) উক্ত গ্রামে কোন মাত্সদন বা সাবসিডিয়ারী স্বাস্থাকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং
 - (घ) পরিক পনা থাকিলে তাহা কর্তদিনে কার্যকরী করা হইবে?

The Minister of State for Health:

- (**क**) হা।
- (খ) বাড়িটি অতি প্রাতন, উহার মেরামতী ও পরিবর্ধন ব্যাপারে প্তে বিভাগ হইছে। প্রাক্ত কলন (এন্টিমেট) আনা হইয়ছে, এবং প্রয়োজনীয় অতিরিক্ত জমির খেঁজ করা হইতেছে।
 - (গ) আছে।
 - (ছ) সঠিক বলা সম্ভব নতে।

Courhand Anchal Panchayat Dispensary in Malda district

- 529. (Admitted question No. 1007.) Shri Birendra Kumar Maitra:
- ব্দাস্থ্য বিভাগের মাননীয় মন্মিহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) মালদহ জেলার খরবা থানার গোরহণ্ড অঞ্চল পঞ্চায়েতের ডিসপেনন্সারীটি সাবসি-ডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার কোন প্রস্তাব সরকার পাইয়াছেন কি;
 - (খ) প্রস্তাব পাইরা থাকিলে, কবে কাহার নিকট হইতে পাইরাছেন: এবং
 - (গ) এই বিষয়ে সরকার কি বাবস্থা গ্রহণ করিরাছেন?

The Minister of State for Health:

- (ক) না।
- (४) अवर (१) अन्न উঠে ना।

Tubewells in Midnapore and Jhargram police-stations

- 530. (Admitted question No. 1008.) Shri Syed Shamsul Bari: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) the number and locations of the tubewells which have been sunk with Government aid in police-station Midnapore and in Union Nos. 8 and 9 of police-station Jhargram;
 - (b) the total number of such tubewells—sanctioned for 1961-62 and 1962-63 in those areas:
 - (c) how many of them remain still to be sunk and re-sunk; and
 - (d) when they are expected to be sunk and re-sunk?

The Minister of State for Health: (a) The number and locations of the tubewells are given in the enclosed statement.

- (b) Twenty-five new sinking and eight re-sinking.
- (c) Six new sinking and two re-sinking.
- (d) These are expected to be completed very soon.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 530

Tubewells sunk and re-sunk in police-station Midnapore

Union No.				Location.				umber o f ibewells.
1	Malkuri							1
**	Chandabilla				• •			2
,,	Dharna			••	••			5
,,	Boilasole							1
,,	Cheraboni					••	•	1
,,	Chaipur							4
2	Deuldanga		• •	••			••	1
,,	Alampur			••				8
**	Chandra					••		2
**	Bhalki	••	••	••	••			1
,,	Kelimari				••	• •	••	ì
"	Gajpatia	• •			••	••	**	3
**	Elaboni	• •			••	••		1
"	Bansole					••	••	1

354		ASSE	MBLY	PROCEE	DINGS		[1s r]	APRIL
Union No.			L	ocation.				nber of ewells.
3	Tentulia .			• •	••	••		1
**	Berapal .			••	••	• •	••	1
71	Gurgutapal .	•	• •			••		1
4	Tantigeria .		••	••		••	••	1
**	Hamarpota .		••	••	••	••	••	1
11	Khoirullachak .	. `	••	••	••		••	1
**	Chand Bhuinasole		•	••	••		••	1
77	Koukabati .		••	••	••	••		2
***	Nepura .	•	•	••	• •	•••		1
**	Gope Jamsole .		••	••	••	••		1
"	Muriadanga .		• •		• •	••		1
**	Midnapore A. G. 1	lospital	• •	••	• •	••	••	1
***	Najargonja .	•			• •	••		1
**	Saldanga .		• •	• •	• •	••	••	1
,,	Khejurdanga .		••	••	• •	• •	••	1
5	Madarpur .	•		••	••	••	••	1
**	Talkui .			••	••	••	••	1
**	Barna .	•	••	••	••	••	••	1
**	Chandipur .	•			••	••	••	1
**	Kholesouda .	٠.	••	••	••	••		2
**	Narendrapur .	•	••	••	• •	••	••	1
**	Sankoti .	•	••	••	••	••	• •	1
**	Seromonim .	•	••	••	••	••	••	2
79	Biara .	•	••	••	••	••	••	1
**	Pasarara .	•	••	••	••	••	••	2
•	Dakahin Bangali		••	••	••	••	••	1
**	Keshabpur .	•	••	••	• •	••	••	1
**	Harishpur .	•	••	••	••	••	••	2
**	Jhartiati .		••	••	••	••	••	1
**	Gobindanagar Pat	na .	••	••	••	••	••	1
**		•	••	••	••	••	••	2
**		•	••	••	••	••	• •	1
**	-	•	🗢	••	••	••	••	1
**	Nischantepur .	•		••	••	••	••	1
••	Birsingpur .	•	••	••	••	••	••	1

" " " " " " " " " " " " " " " " " " "	Jamkunda Johannia							Number of tubewells. I 2 3 2 1
" " " " " " " " " " " " " " " " " " "	Munsipatna Panchkuri Kulda Bichripat Hatipalka Kamalapur Jamkunda Gobrasole Ajoyadhanagar Changardihi Golobandulu							1 2 3 2 1
" " " " " " " " " " " " " " " " " " "	Panchkuri Kulda Bichripat Hatipalka Kamalapur Jamkunda Gobrasole Ajoyadhanagar							2 3 2 1 2
,, , , , , , , , , , , , , , , , , , ,	Kulda Bichripat Hatipalka Kamalapur Jamkunda Gobrasole Ajoyadhanagar Changardihi					 		3 2 1 2
, 3 7 0, A , K	Bichripat Hatipalka Kamalapur Jamkunda Gobrasole Ajoyadhanagar	··· ··· ··						2 1 2
,, 1 ,, 2 7 C ,, A ,, K	Hatipalka Kamalapur Jamkunda Gobrasole Ajoyadhanagar Changardihi Golobandihi	••						1 2
,, 3 7 C ,, A ,, K	Kamalapur Jamkunda Gobrasole Ajoyadhanagar Khangardihi Golobandilii		•••				••	2
, 3 7 (0 , A , K	Jamkunda Gobrasole Ajoyadhanagar Changardihi Golobandihi	•			••			
7 C	Gobrasole Ajoyadhanagar Changardihi Golobandihi		• •	••		••		_
" A " K	Ajoyadhanagar Changardihi . Golobandihi .				• •			3
,. K	Changardihi . Solobandihi .			• •		••	••	1
B	olobandili .		• •	••	••	••	••	1
	orachat			••	••	••	••	2
G	orachak			••	••	••	••	2
		•		••	••	••	••	2
" K	rısn a deuli			••	••	••	••	1
Aş	garpara				• •	••	••	1
Re	smehandrapur			••	••	••	••	1
Ba	igageria			••	• •	••	••	2
. Pa	nchra				• •	••	• •	1
, Tu	ndadanga			••	••	••	••	2
, K _{is}	shmatanga		••	••	••	••	••	1
Bin	dapatra			••	• •	••	••	1
Pat	ra		••	••	••	••	••	1
Koi	isakola		••	••	••	••	••	2
Bon	aipal			••	••	••	• •	1
Mah	atabnagar			••	••	••	••	1
	adihi			••	••	••	••	1
Malie	da			••	••	••	••	1
Ragh	nunathpur			••	••	••	••	1
	nagar	•		••	••	••	• •	2
Bajpa	ara			••	••	••	••	1
Bar (louradanga	•		••	••	••	••	1
Pales	у .,			••	••	••	••	1
Khald		••		••	••	••	••	1
Paljag		•••		••	••	••		J
Jagul	• •	••		••	••	••	••	2

356	}	1	ASSEMB	LY PRO	CEEDIN	GS	. [ST APRIL	,
Unio No.				Location	•			Number of tubewells.	
8	Balipota	••						2	
,,	Belpatri	• •		••		••	••	2	
**	Gopinathpur			٠	• •	••	••	1	
99,	Chakdaulat				••		••	1	
••	Raghabchak	• •			• •		••		
,,	Dharmapur					••	•	<u> -</u>	
į,	Hetadanga			••	••	••	••	1	
								127	

Tubewells sunk and re-sunk in Union Nos. 8 and 9 of police-station Jhargram

Union No.		Name	of site.				Number of tubewells.
8	Routerapur	 ••		••	• •		1
,,	Bolla	 					1
••	Choubka	 	••			٠	1
	Medipur	 					1
••	Khalsubi H. C.	 			• •		1
9	Nil	 					Nil

Test relief sohemes in Midnapore and Jhargram police-stations

- 531. (Admitted question No. 1009.) Shri Syed Shamsul Bari: Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—
 - (a) the number and description of test relief schemes sanctioned for 1962-63 in Midnapore police-station and Union Nos. 8 and 9 of Jhargram police-station; and
 - (b) which of those schemes were taken up and completed in 1962-63?

The Minister for Relief: A statement is laid on the Table.

								774 O A	EW2		2/
p and completed in 1462-63.	Schemes completed	Repai	dueli Road (in Union No. 7). 2. Repair of Chardipur to Talkui		Pots Kosa (in Union No. 8).						Chamtidanga Bara Bhandi Road, Julir Bundh.
Description of the schemes taken up and completed in 1962-63.	Schemes takon up.	Repair of Solkumari to Krishna. 1.	<u>~</u>	~	==	_					tirkuga Bara Bhandi Roed Cha Bundh
escription of relatiwork selections of the 1962-63.	A Natures of the scherres.	1. Repair of Solkumari to Krishna. 1. deuli Road (m. Unon No. 7).	2. Repair of Chandque to Talkue 2. Road (in Union No. 5).	 Repair of Jarana Nagda Raid 3, (in Union No. 9) 	Repair of Both grove to Again 4, Para Roaditio Unio No 71	Reconstruction of Speedinga to 5, Natidaria Rood on Union No. 3),	Berpan of Wedad de agai to Baltpota Road (te Union No. 8),	Repair of District Bargochlas Road on University of	Construction of a road trons Chandiput to Kolsonda in: Union No. 5),	Repair of Randapathra Mahatapuar (Road on Union No. 8).	 Chamtidarga B e. Bleach Bond Chamtidanga Bara Bhandi Road Chamtidanga Bara Bhandi Road. Juhr Bundh Julii Bandh Julii Bandh. Babarakota Duzeper Road.
No. of relief work schemes	sanctioned Serial for 1962-63. No.	= :	71	e.	÷	if	6.	13	ž.	ei e	- %
Name of P.S.	,	Midnapore								Jhargram	Anchal Panchayat No. 8 Anchal Panchayat No. 9
-24										Jha	4

Health Centres in Midnapore police-station

- 532. (Admitted question No. 1010.) Shri Syed Shamsul Bari: Will-the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to
 - (a) whether there are any schemes for the construction of Health Centres in police-station Midnapore;
 - (b) if so, their number and locations; and
 - (c) when they are expected to be taken up?

The Minister of State for Health: (a) Yes.

- (b) One Primary Health Centre and two Subsidiary Health Centres. The locations have not yet been selected.
 - (c) No target date has been fixed.

Constitution of a new subdivision in Jalpaiguri district

- 533. (Admitted question No. 1011.) Shri Kamini Mohan Roy: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) জলপাইগর্ড় জেলার মাল, মেটেলী, নাগরাকাটা, মরনাগর্ড়ি, ধ্পগর্ড়ি এই পাঁচটি থান। নিয়া একটি ন্তন মহকুমা গঠন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা:
 - (খ) পরিকলপনা থাকিলে, এই নৃতন মহকুমার কার্যালয় কোন্ স্থানে হইবে; এবং
 - (গ) কোচবিহার জেলার হলদিবাড়ী থানা জলপাইগর্ড় জেলার সহিত সংযক্তির কোন প্রভাব আছে কিনা

The Minister for Home (General Administration):

- (ক) না।
- (খ) এ প্রশ্ন উঠে না।
- (গ) এর প কোন প্রস্তাব নাই।

Allegation against Raiganj Block Development Officer and Panchayat Officer

- 534. (Admitted question No. 1013.) Shri Balailal Das Mahapatra: সম্বাণ্ট-উলয়ন বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—-
 - (ক) রায়গঞ্জ ব্লক ডেভেলপমেন্ট অফিসার ও পঞ্চায়েত সম্প্রসারণ অফিসারের দ্বনীতি সম্পর্কে রায়গঞ্জ থানার অঞ্চল প্রধানগণের অভিযোগ-সম্বলিত কোন সর্বসম্মত প্রস্তাব সরকার পাইয়াছেন কিনা: এবং
 - (খ) অভিযোগ পাইরা থাকিলে. এ সম্পর্কে কোন তদন্ত হইরাছে কিনা এবং তদন্ত হইরা প্রাক্রিলে তাহার বিপোর্ট কি?

The Minister for Community Development and Extension Service:

(ক) ও (খ) এই বিষয়ে কোন লিখিত অভিযোগ অদ্যাবধি এই দণ্ডরে পাওয়া যায় নাই। তবে গত ৬ই ফেব্রুয়ারি তারিখের সংবাদপত্রে প্রকাশিত এই বিষয়ে একটি সংবাদের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে এবং বিষয়টি পশ্চিম দিনাজপ্রের জেলাশাসকের নিকট তদন্তের জন্য পাঠানো হইয়াছে। জেলাশাসকের রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

Electrification of Nalhati Thana Health Centre

535. (Admitted question No. 1014.) Shri Shiromani Prosad:

দ্বাদ্ধ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্ত্রহপ্র'ক জানাইবেন কি, নলহাটী ধানা হেলধ সেল্টারের গ্রুগ্রিল বৈদ্যুতিকরণের জনা কি বাবস্থা অবলম্বিত হইতেছে?

The Minister of State for Health:

উক্ত হেলখ সেন্টারের গ্রহগুলি বৈদ্যুতিকরণ স্বকারের বিবেচনাধীন আছে।

Tap water supply at Nalhati

- 536. (Admitted question No. 1015.) Shri Shiromani Prosad: গ্রাম্থা বিভাগের মাননীয় মন্ত্রিয়াশয় অন্ত্রহপর্বেক জানাইবেন কি—
 - (ক) ইহা কি সতা যে, প্রথম পঞ্চবার্যিক পরিকল্পনাকালীন নলহাটী ইউনিয়ন বোর্ডের মাধ্যমে প্রপার নলহাটীতে ট্যাপ ওয়াটার সাম্পাই-এর জন্য লক্ষাধিক টাকা দেওয়া রুইয়াছিল:
 - (খ) সতা হইলে, ট্যাপ ওয়াটার সাংলাই-এর কোন বাবস্থা হইয়াছে কিনা: এবং
 - (গ) ব্যবস্থা না হইলে ভাহার কারণ কি

The Minister of State for Health:

- (क) ইহা সত্য নহে।
- (খ) ও (গ) প্রন্দ ওঠে না।

Construction of wells in Nalhati police-station

- 537. (Admitted question No. 1016.) Shri Shiromani Prosad: স্বাস্থা বিভাগের মাননীয় মন্তিমহাশয় অন্প্রহপূর্বেক জানাইবেন কি---
 - (ক) ইহা কি সতা যে, নলহাটী থানার অন্তর্গত মধ্পুর, যাপ্র, বানিওড় ইত্যাদি গ্রামের ক্য়োগুলির খননকার্য অর্ধসমাণ্ড অবস্থায় আছে:
 - (খ) সতা হইলে, ইহার কারণ কি: এবং
 - (গ) উক্ত ইন্দারাগ্রলির খননকার্যাদি কবে নাগাদ শেষ হইয়া বাবহারোপযোগী হইবে?

The Minister of State for Health:

- (क) शौ।
- (খ) সংশিল্পট ঠিকাদার (কন্ট্রাক্টারদের) গ্রুটিই ইহার কারণ।
- (গ) আগামী বর্ষার পূর্বেই যাহাতে ইহাদের কাজ সম্পূর্ণ হয় তাহার জনা উপযুক্ত বারস্থা গ্রহণ করা হইতেছে।

Construction of Chanchal Primary Health Centre

538. (Admitted question No. 1020.) Dr. Golam Yazdani: Will the llonble Minister-in-charge of the Health Department be please? to state the reason for not starting construction of the proposed hospital at Chanchal in Kharba police-station. Malda district, at the selected site as yet?

The Minister of State for Health: Although the construction of Chanchal Primary Health Centre was administratively approved on 14th March, 1962, the work could not be undertaken due to an injunction issued

by the High Court against the acquisition of the land measuring 6.66 acres under the West Bengal Land (Requisition and Acquisition) Act, 1948, for the construction of the said Health Centre. Construction will be taken up if and when the injunction has been vacated.

Agriculture loan

- 539. (Admitted question No. 1037.) Shri Monoranjan Bakshi:
 ত্তাণ বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উময়ন সংস্থায় গত ১৯৬১ এবং ১৯৬২ সালে কত টাকা কবিষণ দেওয়া হইয়াছে: এবং
 - (খ) উপরি-উত্ত সময়ে আউশগ্রাম ২নং উয়য়ন সংস্থার অধীনে কোন্ কোন্ অঞ্ল পঞ্জেতে কত টাকা ক্ষিঋণ দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

- (ক) ১৯৬১ সালে ১০,০০০ টাকা এবং ১৯৬২ সালে ১২,০০০ টাকা কৃষিঋণ দেওরা ছইরাছে।
 - (খ) একটি বিবরণী নিদ্রে দেওয়া হইল।

অণ্ডল	পঞ্চায়েতের	নাম		বিতরিত কৃষি	খণের পরিমাণ
				১৯৬১ সাল	১৯৬২ সাল
				টাকা	টাকা
•	ভলকি	•••	•••	5, 000	২,২০০
	এড়াল		•••	3,00 0	5,560
	রামনগর		•••	5,600	১, 900
	অমরপ্র		•••	5, 000	5,900
	দেবসালা		•••	5, 000	5,600
	কোটা	•••		>, 000	5. ₹&0
	ভেদিয়া	•••	•••	৩,৫০০	3, 900
			মোট	\$0,000	\$ ₹,000

Opening of Medical Colleges under the Third Five-Year Plan

- 540. (Admitted question No. 1040.) Shri Sambhu Charan Ghesh: শ্বাস্থ্য বিভাগের মাননীয় মন্দ্রিমহাশার অনুগ্রহপূর্বক জ্ঞানাইবেন কি—
 - কৃতীয় পাঁচসালা পরিকল্পনায় পাঁশ্চমবংশ্যে কোন মেডিক্যাল কলেজ খোলায় পরিকল্পনা
 আছে কিনা: এবং
 - (थ) পরিকল্পনা থাকিলে, কোন্ কোন্ স্থানে করটি কলেজ খোলা হইবে?

The Minister of State for Healths

- (क) ना।
- (খ) প্রশ্ন ওঠে না।

Laying of Order No. 1 of the Delimitation Commission

The Mon'ble Iswar Das Jalan: Sir, I beg to lay before the Assembly Order No. 1 made by the Delimitation Commission under clause (a) of section 8 of the Delimitation Commission Act, 1962.

Message

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that a message has been reserved from the West Bengal Legislative Council to the effect that the West Bengal Appropriation (No. 2) Bill, 1963, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 29th March, 1968 and returned to the Assembly without any recommendations. Sir, I lay a copy on the Table.

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: Hon'ble Minister-in-charge will kindly make a statement on the delay in the payment of salary to the teachers of secondary sehools in the Contai Subdivision--notice given by Shri Sudhir Chandra Das on the 27th March. 1963.

Shri Mukti Pada Chatterjee: There are about 1,600 high schools receiving grant-in-aid from the Board of Secondary Education, West Bengal. It has been learnt on enquiry from the Board that all aided high schools during 1962-63 received the first interim grant equivalent to 50 per cent. of the grant of the previous year. In addition to this, grant calculated at Rs. 200 per teacher was sanctioned before the last Pujah Holidays to all aided high schools. Second instalment grant equivalent to 25 per cent. of the previous year has been sanctioned to 300 high schools. The Board has arranged to complete payment of the second instalment grant to the remaining 1,300 high schools by the 15th April, 1963. The final instalment of the grant will be paid as early as possible on receipt of the audit report for 1961-62 and after calculation of actual deficit. 200 high schools (high schools receiving grant-in-aid from the Backward Education Fund, high schools located in Chandernagore, Purulia and other transferred territories and a few sponsored secondary schools) receive grant-in-aid from the Education Directorate. These schools have been paid grant-in-aid for 1962-63 in full.

There are 45 aided high schools in Contai Subdivision. First instalment grant and the grant calculated at the rate of Rs. 200 per teacher have been paid to all of these schools. Second instalment grant has been paid to 15 high schools. Second instalment grant will be paid to the remaining 30 schools by the 15th April, 1963. Final instalment will be paid on receipt of audit report for 1961-62 and after calculation of the actual deficit.

Mr. Deputy Speaker: I have received three calling attention notices on the following subjects, namely,—

- (1) Difficulty in proper construction of sluice, dams, etc. in the village areas for delay in the distribution of allotted money—by Shri Sudhir Chandra Das.
- (2) Death of a firebrigade worker due to the negligence of the Medical College staff—by Shri Sailendra Nath Adhikary.
- (3) Starvation among the families of the peasants and the labourers of Nafargani Bazar area under P.S. Basanti, 24-Parganas—by Shri Anadi Das.

I have selected the notice of Shri Sailendra Nath Adhikary on the subject of death of a firebrigade worker due to the negligence of the Medical College staff. Hon'ble Minister-in-charge will make a statement today or give the date on which the statement will be made.

The Hon'hie Dr. Prabodh Kumar Cuha:

कास एउटा

Shri Sudhir Chandra Das!

স্পীকার, স্যার, একটি গ্রেত্র বিষয়ে আপনার দ্ভিট আকর্ষণ করছি। মেডিকেল কলেজ-এ গ্রেত্র অনায়ে এবং অবিচার.....

Mr. Deputy Speaker:

जार्भीन काँनाः कार्रोनमन भात्रकः वनरू भारतन। क्रांट्र वना यात्र ना।

Shri Sudhir Chandra Das:

এটা একটা গ্র্তর অবিচার। প্রথম, দ্বিতীয়কে বাদ দিয়ে তৃতীয়কে তার। সিলেকখন করে নিরেছেন হাউস ফিজিসিয়ান হিসাবে। তার রোল নং ১২৯৪। ম্থামন্ত্রী এবিষয়ে দয়া করে কিছা বলবেন।

Mr. Deputy Speaker:

আপুনি একটা কলিং এাটেনশন দিন। এখুনি লিখে ফেল্রন্– কালকে উভর হয়ে যবে:

The Hon'ble Jagannath Kolay:

তাই করনে তাডাতাডি জবাব পেয়ে যাবেন।

[12-30--12-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আপনার অনুমতি নিয়ে মুখ্যমন্ত্রীর দূণ্টি আকর্ষণ করতে চাই াবিষয়টা হচ্ছে আমাদের নির্বাচন সম্পর্কে—আমি কালকে জামালপ্রের যে উপনির্বাচন হল সেখানে গিয়েছিলাম, এবং সেখানে যাবার পর অমুরা শুনেলাম যে কোন কোন অফিসার এবং—

Mr. Deputy Speaker:

এইভাবে হয় না, আপনি সর্ট নোটিশ কোশ্চেন দিন।

COVERNMENT BILL

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1963

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to introduce the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be taken into consideration.

Honourable members are aware of the growing and urgent need for raising additional resources for financing the plan and meeting other urgent obligations. While presenting the deficit budget estimates for the financial

year 1963-64 I pointed out that several big additional development schemes had to be approved by the State Government because of their urgent and inescapable nature. At the same time the level of expenditure of the State Government has gone up because of many unforeseen commitments arising out of national emergency. Hence I proposed in my budget statement some additional taxation measures which have been necessitated by absolutely unavoidable financial commitments. A separate Bill for amending the Bengul Finance (Sales Tax)-Act, 1941, will be introduced tomorrow before the House. The present Bill seeks to amend the West Bengul Sales Tax Act, 1954.

However, I must make it clear right at the outset that the object of the present Bill is not only to provide for raising additional revenue as such, but also to effect certain very important changes in the administration of Sales Tax in this State. For the purpose of explaining this point I would like to state in brief the working of the West Bengal Sales Tax Act, 1954.

While the Bengal Finance (Sales Tax) Act, 1941, provides for imposition of sales tax on all commodities in general except exempted commodities at the last point of sale, the West Bengal Sales Tax Act, 1954, provides for transferring of certain selected commodities from the scope of the Bengal Finance (Sales Tax) Act, 1941 to that Act for taxing their sales at the first point. While not all commodities are suitable for being subjected to Sales Tax at the first point of sale, in the case of good number of other commodities the first point sales tax has certain definite advantages in that the possibility of evasion of sales tax is largely eliminated.

Again, the cost and difficulties of collection are much less and the machinery required for collection of such a tax is much simpler. The West Bengal Sales Tax Act was introduced in 1954 mainly as an experimental measure. It introduced first point taxation of a limited number of selected commodities for the first time in this State in order to get the advantages of such first point taxation. At that time it was provided in the Act that there will be a fixed rate of 3 per cent. sales tax on all commodities selected for first point taxation under this Act. This rigidity of the rate of tax under the West Bengal Sales Tax Act has, however, stood in the way of bringing in a larger number of suitable commodities under the scope of this Act. For, a flat rate of 3 per cent. at source works out to only about 2 3/4 per cent. at the last point of sale. The flat rate of 3 per cent as source is too low for a large number of commodities and specially for luxury goods and taxation of such goods under the West Bengal Sales Tax Act, 1954 will lead to inequity and unnecessary loss of revenue. A flat rate of tax makes it impossible to take over under the West Bengal Sales Tax Act certain other classes of commodities also. For example, some commodities may be "declared goods" which can not be taxed at a rate higher than 2 per cent. Hence, the scope of taxation under the West Bengal Sales Tax Act is bound to remain extremely restricted unless provision is made for different rates of tax for different notified commodities under that Act.

Actually, it has been felt for quite some time that selected commodities which are not important raw materials, which are manufactured or imported by a limited number of concerns and which are either not exported or exported direct without previous sale in this State should be brought under the ambit of the 1954 Act for first point taxation. For one thing, the scope of evasion is thereby largely eliminated. Representations from business interests have also favoured this. However, the absence of any provision for different rates of tax for different notified commodities in the 1954 Act have stood in our way.

Now, the only suitable way to provide for different rates of tax for different notified commodities under the West Bengal Sales Tax Act, 1954. lies in not specifying any flat rate of tax in the Act itself and, instead, authorising the State Government to fix different rates of taxes for different commodities by Notification in the Official Gazette. The Sales Tax Laws of many other States contain provisions authorising the respective State Governments in like manner. It is obvious, however, that such a power te? fix rates of tax by Notification can not be unlimited. Hence, it is proposed to vest the State Government with this power subject to the proviso that the rate of tax on any particular notified commodity shall not exceed the rate of tax that would have been applicable to that commodity under the Bengal Finance (Sales Tax) Act, 1941 if that commodity had not been transferred to the West Bengal Sales Tax Act, 1954. Thus, it is not proposed to take additional powers as such to raise rates of tax on different commodities by Notification. What is actually proposed is to authorise the State Government to bring a particular commodity under the West Bengal Sales Tax Act, 1954 and impose on it sales tax at the same rate as under the Bengal Finance (Sales Tax) Act, 1941 for maximum.

Thus, I want to emphasise that the State Government's power to fix rates of tax by Notification in respect of commodities transferred to the West Bengal Sales Tax Act, 1954 will be strictly a limited one. In fact, the same rate of tax at the first point under the West Bengal Sales Tax Act, 1954 as at the last point under the Bengal Finance (Sales Tax) Act, 1941 actually works out to a slightly lower rate. For example, a 5 per cent. first point tax is equivalent to a last point tax of about 4 3/4 per cent. Even then we expect to get a considerable amount of additional revenue from this measure as evasion of tax will be largely eliminated and the cost and trouble of collection will be minimised under this system.

However, I should point out that this amendment will enable us to fix the rates of tax on also the already notified commodities under the West Bengal Sales Tax Act, 1954. These notified commodities are all liable to 5 per cent. sales tax at the last point of sale under the Bengal Finance (Sales Tax) Act, 1941.

112-40-12-50 p.m.]

Hence, I propose to raise the existing rate of tax of 3 per cent. in respect of some of these commodities. Though these changes in the rates of tax will be effected by Notification, I am mentioning below my proposals in this respect:

Notified Commodities.				Existing rate of tax. Proposed rate of taxes		
(1)	Vanaspate				3 per cent	4 per cent
(2)	Soap				3 per cent	3 per cent
(3)	Biscuits				3 per cent	4 per cent
(4)	Betel nuts				3 per cent	4 per cent
(5)	Black and Whi		Furmeric. (Toves	3 por cent	4 per cent
(16)	Powdered milk. Baby food.	. condensed	l milk incl	luding	3 per cent	3 per cent
(7)	General Purpose	Washing I	owders		3 per cent	3 per cent
(8)	Druge			٠	3 per cent	3 per cent
(9)	Powders for food	l-drinks hav	ing Coco, et	с	3 per cent	3 per cent

It may be noted that soap and washing powders, powders milk, condensed milk including Baby food, drugs and powders for food-drinks are proposed to be left untouched, as these are necessities which are widely consumed by the common people. It is expected that the above proposals will bring additional revenue of Rs. 18 lakhs per annum.

Once the fixity of the rate of tax under the West Bengal Sales Tax Act is given up, I propose to bring under this Act for taxing at source a number of other articles which are taxed at the last point of sale at present. The details in this regard are being closely examined and worked out at present. I expect that by transferring carefully selected commodities to the West Bengal Sales Tax Act, 1954, we shall be able to get further additional revenue through elimination of evasion and without any raising of the rates of tax.

The only other amendment proposed in Clause 4 of the Bill seeks to remove an existing administrative difficulty. This proposal needs no explanation.

No additional expenditure is envisaged for giving effect to the previsions of the amending Bill.

Sir, with these words, I commend my motion for the acceptance of the Bouse.

Briefly, I may further tell the honourable members of this House that we are all satisfied at this end that there is a considerable evasion of sales tex, and the honourable members both of this side and that side have repeatedly emphasised about plugging up evasion and so on. The main intention of this Bill is to plug up evasion - instead of collecting the sales tax at the last point we want to tax at the first point- that is the main purpose of the Act. We have left untouched many items. We have touched some items like Vanaspati, etc. (Dr. Kanai Lal Bhattacharya---What about betel leaves?) Betel nuts have been taxed but betel leaves have been exempted.

You may just as well ask me, "Mr. Banerji, have you at all thought of what are the other things which you are going to tax at the first point." I won't give you all the details but I might tell you, for example, paper and aluminium wares. There are big companies which manufacture these and so instead of collecting sales tax from the retailers in different places we want to go right at the spot and tax them. This will lead to two results—firstly, sales tax cases will go, of course much to the discomfiture of many of my erstwhile colleagues, and, secondly, the method of collection will be simpler and the agency will be much cheaper; that is the main point. As far as I remember now, I made up my mind to tax paper, aluminium wares and one or two other articles at the first point which really will not affect anybody. So far as drugs and Baby toods are concerned we are leaving these untouched although whatever is being collected now will also be collected but not at the last point but at the first point. That is the whole idea because I have every reason to believe that honourable members of both the sides of this House repeatedly complained that there was too much of sales tax evasion. This is a fact and we do not want to give opportunity to those people to go in for further evasion. We are trying to tighten it up as much as we can. This is the purpose of the present Bill.

Mr. Deputy Speaker: There are amendments. I think all the amendments are taken as moved and I take them as moved.

Shri Tarun Kumar Sen Gupta: Sir. I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1963.

Shri Sambhu Charan Chosh: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1963.

Shri Sanat Kumar Raha:

बाननीय উপाधाक बरागांव वारमापायात अवकारतत श्राहत होकात प्रत्यात कराती श्रीवृत्र्यिण्य करा টাকার দরকার, স্পানিংএর জনা টাকার দরকার, ডেভেলপমেন্টএর জনা টাকার দরকার পাবলিক ইন্ডান্মিজের জনাও টাকার দরকার। খবে সংধ্র কথা বলে এই বিলকে আনা হয়েছে। পথমত এই বিলটার এবং মলেগত ও নীতিগতভাবে এর সমস্তটার বিরোধীতা করি। সেল টাক্সেটা সম্পূর্ণ প্রত্যক্ষভাবে আসে জনসাধারণের উপর গরীব লোকের বিরুদ্ধে একটা অস্ত্র। শুধু প্রবীব লোকের বিরুদ্ধে অস্ত্র নয়, গরীব লোকদের বিরুদ্ধে শানিত অস্ত্র। বার বার মরচে পড়া সেই অস্টাকে শানিয়ে নেওয়া হচ্ছে, ১৯৪০ সালে, ১৯৫৪ সালে, ১৯৫৮ সালে আবার ১৯৬০ **जारत**। यिष्य वटा ठोकात प्रतकात रंज ठोकात वताप्त वा (अस्प्रतम्ते भातकः कान्यास्मरोल रंजन होत्क- अब ना कत्रात्न इस ना एम कना **এই विन**हा जान, शराक शास्त आर्थ कार कार कार है। शरीव লোকের কাছ থেকে, তাদের পকেট থেকে টাকা আদায় করতে হবে জিনিষের দাম বাডিয়ে টাকা **জাদার করতে হবে, তার কাছ থেকে যেভাবে হোক** টাকা আদায় করতে হবে। তার জনা বর্তমান যাগোচিত কতকগালি ভাল ভাল কথা বলা হয়েছে—লাকসাহি গড়েস গুড়েস যেগুলো সাধারণ লোক বাবহার করে সেগ্রলো একজাম্পট করব **এই সম**স্ত কথার পিছনে একটা বিরাট ফাঁকি আছে। সে ফাঁকি হচ্ছে বে সরকার নিজের আয়তে আনতে পারে না রাষ্ট্রীয় সম্পদকে যে সরকার নিজের সরববাহ বাবস্থাকে নিজের আয়ত্বে আনতে পারে না সে সরকার মাল্য সীমায়িত রখেতে পারে না নাল্য-মাল্য-° **বন্দির করতে** বাধ্য এবং সেই সরক রের হাতে যুতই ক্ষমতা দেন সেই সরকার একচেটিয়া মনেফা**কে** বাড়াতে বাধ্য করে, সে সেল ট্যাক্স-এর নামেই: হোক, যে কোন ট্যাক্স-এর নামেই হোক আর যে কোন আটি বা আমেন্ডমেন্টএর নামেই হোক। সমুহত শক্তি শেষ পর্যন্ত এই উদ্দেশ্যে বাবহাত হবে, মেই উন্দেশো বাংলাদেশের লোককে আনতে হবে এবং একচেটিয়া প**্রজিপতিরা এতে আরও** নতেন নতেন শোষণের রূপে নেবে। আমার মনে হয় নীতিগত ভাবে সেল ট্যাক্সকে চিরক ল বাধা দেওরা উচিত এবং আমরা তা বাধা দিয়ে এসেছি। আবার আমরা চাই না নতন করে সরকারের হাতে এমন অস্ত্র দিয়ে দেই যে অস্ত্রে ১৯৬৩ সালে ভাল ভাবে শানিয়ে গরীবের গলা কাটা বার। সেই অস্মাটাকে আমরা চাই আজকে ভোতা করে দিতে,—পণ্যা, করে দিতে। এই রকম ধরণের অস্ত্র প্রয়োগ করে গরীবের কছ থেকে সেল ট্যাক্সএর নামে জিনিষের দাম বাড়িয়ে টুকা সংগ্রহ করার পন্থাকে চিরকালের জন্য বন্ধ করা উচিত। সরকারের উচিত হবে রাষ্ট্রীয় সম্পদ আহরণ করা, কোথার করা যায় সেদিকেই লক্ষ্য রাখা। এ সরকার একচেটিয়া প'্রিজপতির সরকার, তারা এদিকে দ্বিট দেন না। সরবরাহ বাবস্থাকে নিজের আয়ুছে রাখতে না পেরে তারা ছেডে দের প্রাইভেট কোম্পানীর হাতে কোন ব্যক্তি বিশেষের হাতে। বার ফলে জিনিষের দাম দিনের পর দিন বেডে বায়, এবং একচেটিয়া কারবার দিনের পর দিন বেড়ে বায়। আমরা মনে করি সেল ট্যা**ন্স** এামেন্ডমেন্ট হওয়ার ফলে যে ক্ষমতা সরকারকে দেওরা হবে সে ক্ষমতার ফলে সীমাহীন শোষণ করবার ক্ষমতা থাকবে। সেল ট্যাক্সএর নামে প্রত্যক্ষভাবে গরীবদের মারা-গরীবকে মারার গাাড়াকলের একটি অস্ত্র। কাজেই সেল টান্ত্রেএর নমে বলা হয় যে অমাক থেকে একজাম্পট করাছ-সাপ্রদানা হোসিয়ারী গড়েস ইত্যাদিকে একজাম্পট কর্রছ। এ সব নগণ্য কথা আন-**একজাম্প**ট করার তালিকা খুবই বেশী। রাজস্ব আদায় করার জন্য যে লিস্ট গ্রহণ করা হয় দে সব কমোডিটিস গড়েস একের পর এক তালিকাকে আন্ধ দিনের পর দিন বর্ধিত আকারে তারা করে নিচ্ছেন, তার ফলে আমাদের প্রত্যেক্তকেই কিছু কিছু ট্যাক্স বরান্দ সহ্য করতে হয়, বধিত ট্যাক্স বহন করতে হয় এতে সন্দেহ নেই।

[12-50-1 p.m.]

আমবা জ্ঞান একথা যে বর্তমানে যুগো বিশেষ করে সমাজনীতি এবং অর্থানীতির ফলে যে ক্লোজাপ হয়—কোন একটা কমোডিটি কোন একটা জায়গায় যদি বড় আঘাত খায় তাব আঘাতটা अनेशाति एस रह ना। धरून हारने नाम वाएरन **এवः সং**শা সংশা প্রত্যেকটি জিনিষের দাম त्र च्यात —भाषाकोति वात्रमामाव शावा त्राचे कत्रमाणिति न्यात्र वावमा करव जावा वस्यात त्रा हात्सव मान्र rature জিনিষের দাম তো বাড়বেই। অজকে সেল টাজের নামে কারখানার মালিকদের পোডাকসন ফার্স্ট পরেন্টে তল্মন-কারখানার মালিককে পকেট থেকে দিতে হবে না-বরং আমি तनाया हु बार्ड अवकारवर मार्का हु हानाहाना चार्क विस्तार करत बार्ड अवकारी नीजिय मार्का--ষাদের একচেটিয়া কারবারের সংগ্যে যোগ আছে তারা সেল ট্যাক সকে পরোক্ষে আশীর্বাদ দেন সহ্বান করেন কারণ আমার অভিজ্ঞতা হচ্ছে এই—অনেক বড বড কোম্পানী আছে অনেক বড वर्ष विकास मान आहे याता स्मृत हो।क म-এতে এमहोर्वालमध्यम् करत्रकः। ५ भठ होका ५० होका > भठ होका ८ भठ होका माहेरन मिर्स जाता कर्म हात्री बदान करत्रहरून এই स्मन हो।क म-अत ংগোমা থেকে মুক্তি পাবার জন্য। ফলত হয় কি? কার্যত আমরা দেখি যেখানে ১০ হাজার টাকা সেল টাব্রে দেবার কথা সেল টাব্রে ফাঁকি দিয়ে কি করে ১ হাজ র টাকা দেওয়া যায় সেই চিন্তার এসটাবলিসমেন্ট খরচ করতে বড় বড় বাবসায়ীদের। খাব বড় বড় বাবস দার যাবা **আছে** জামরা এই সেল ট্যাক সএর পরিপ্রেক্ষিতে দাবী করতে পারি কোন কোন কোম্পানী ট্যাক স দেয় নি ফাঁকি দিয়েছে তাব তালিকা আমরা চাই। ফাঁকি দিতে পারলো কেন তাও জানতে চাই। ভার সভো সরকারের কেন কর্মানবীর যোগাযোগ আছে কি না ভার ভালিকা নাই। পরিষ্কার করে বলতে হবে এই সেল টাৰে আইনেব পেছনে কাবা আছে। সেল টাৰে আইনে বলি হচ্ছে কাবা ? এই সেল টাকি সূত্রর জন্য জনসাধারণকে কি রক্তম হারে কর বহন করতে হচ্ছে। বড বড বাবসাদার যারা তারা এসটার্বালসমেন্ট মেনটেন করেন শুধে এই উদ্দেশ্যে যে সরকারের ট্যাক্স ফাঁকি দিয়ে ভারা চারগণে টাকা নিজের প্রেট্সত করেন। সেল ট্যাক্সএর টাকা কিছুকাল ধরে খ টিয়ে নেন এবং আরও মূনাফা করেন। এই হোল সেল ট্যাক সএর এক দিকের ছবি। আর এদিকে ছোট ছোট ব্যবসাদার মাঝারী ব্যবসাদার এরা যেখানে সেখানে দেকান করেন নানা ধরণের দোকান করেন সেই নোকান চালিয়ে সংসার চলে না উপরন্ত সেল টাাক্সএর বোঝা বহন করতে হয়. তার উপর সাবার জিনিসের দাম বেড়ে গিয়েছে বেশী বিক্লি করা কঠিন বাাপার, তাদের সেল টাস্কে দিতে েরে এ আবার হাঙগামা। তার ফলে ছোট ছোট যে সংগঠন কারবারী বাবসাদার তাদের পক্ষে সম্ভব নর সেল টাক্স ফাঁকি দেওয়া বা সেল টাক্স দেওয়ার জন্য একটা বিশেষ সংগঠন তৈরী কর: বং পালন করা, তাকে মেনটেন করা। কাজেই গরীব মধ্যবিত্ত ক্রাসের দোকানদাররা খবে বেশী হররানি হর। অমুক জায়গায় সেল ট্যাক্স অফিসে, অমুক জায়গায় সেল ট্যাক্স অফিসারের কাছে পিয়ে বার বার হয়রানি, আর সেল ট্যান্স অফিসারদের হুমকী, এ তারা সহ। করতে পারে না जावात किन्द्र ठोका मिरत मिरलारे जारमत मरन्जाय। এर कार्यमास समल ठेगाना मण्डत এकमिरक জনসাধারণের উপর অত্যাচার করছে আর একদিকে বড বড লোককে ফাঁকি দেবার সংযোগ দিছে আর এক দিকে সেল টাক্স আইনের ফলে সাধারণ গরীব লোক মারা যায়। কাজেই আমি আগে বলেছি এবং প্রেরায় বলি এই সেল টাক্সেএর পেছনে যে নীতি আছে সেল টাক্সি বেভাবে গরীব লোককে মারে এবং হয়বানি করে ছোট ছোট দোকানদারকে উৎখাত করে দেয় বাবসাকে নস্যাৎ করে দের বড বড বাবসাদারকে সাধোগ দ্যু সেই সেল ট্যাক্সএর বিরুদ্ধে আমরা দাঁডাই। সেজন্য স সি वर्षणिष्टमाम-आमात आर्यमन ष्टिल এই धत्रागत अक्षो विल य निल्हों भटकता अक्ष उद्धनात এমফেট্র করবে, শতকরা একশতজন লোকের ঘড়ে গিয়ে চাপবে, সেই রকম ধরনের যে বিঙ্গে আপনাদের হাতে প্রচর ক্ষমতা দেওয়া হচ্ছে সীমাহীন ভাবে যাতে পারসেনটেজ বাডিয়ে বাডিয়ে চলবেন, আজকে যে আইটেম আছে কালকে আবার অন্য কমোডিটি নিয়ে আসবেন ক্রমণ ক্রমণ দেখা যাবে যে বর্তমান ইকর্নমিক সেট আপের মধ্যে যদি একটাকে বাদও দেন তাহলেও দেখা যাবে বে তার প্রতিক্রিয়া যেটা বাদ দেওয়া হয়েছে সেটার উপর পড়েছে পরোক্ষভাবে। এই জনা আমি নীতিগতভাবে এর বিরেপীতা করি বিশেষ করে বর্তমান পরিবেশে যখন দেশে ইমারজেন্দীর ফলে টাকার মেমন দবকার হ'মতে সেই টাকা তলবার জনা সরকারের পদক্ষেপ করা উচিত য'দের भम्भान আছে দেবার শক্তির দরকার—অর্থাৎ যাদের কাঁধ শক্ত। সেখান থেকে আপনারা টাকা বের করে নিয়ে আসন্ন। সরক রের উচিত নিজ্ন হাতে কিছ্ন বাবসা গ্রহণ করা। উচিত সরকারের কতকগ্রেলা এমন ক রদা বের করা ষার ফলে গরীব লোক আরও শান্তি পার, স্বরাস্তি পার যাতে বড়লেক্সে বোঝে যে দেশের জনা আমাদের ত্যাগ করতেই হবে এ ছাড়া উপায় নেই। সেই নিদেশি সেল ট্যাক্সএর মধ্যে নেই। কাজেই আমি বলবো সেদিকে পদক্ষেপ না করে সরকার ছলছেন উলটো দিকে। করণ সরকার তো জনস্যধারণের সরক র নয়। সরকার হচ্ছে সম্প,র্ণ , একচেটিয়া বাবসাদারদের পক্ষে। তাদের স্বার্থে আয়-কর তাদের স্বার্থে এই সেল ট্যাক্স তাদের স্বার্থে কমে ডিটির ম্ল্য ব্নিধ্ব হওয়া—তাদেরই স্বার্থে ম্ল্য ব্নিধ্ব রোধ করতে না পারা—
হয়ের্ড করা, র্যাক মার্কেট করা সমস্ত নির্ভব করে এই সরকারের চরিত্রের উপর।

এই অবন্ধায় আমরা এই বিলের বিরোধিতা যেমন করি, তেমন সংগ্য সংশ্যে অমরা একখাও বলবো—এই বিলকে আপন রা জনসাধারণের সামনে ছেড়ে দিন। জনসাধারণ, ব্যবসাদার, মধাবিত্তর সংগঠন তাদের যত আছে, তাঁরা বিচার করে বল্ক আমরা দেশের এই জর্মী পরিস্থিতিতে প্রস্তুত আছি—এই ট্যাল্ল বহন করবার জন্য, সমধিকভাবে বড়লোকদের মত বা বড়লোকদের থেকে কিছু কম-বেশী হোক তাতে আমাদের আপত্তি থাকবে না কিন্তু জনসাধারণের মত মত এই গ্রেছ্পূর্ণ বিলের উপর আহ্বান করা উচিত। এই বন্তব্যই আমার এ্যামেন্ডমেন্ট্র আছে। শৃধ্যু এই অবন্ধায় কেন, জর্মী পরিবেশ একদিকে বেখানে পদক্ষেপ আরো দ্চভাবে গরীবের দিকে যাওয়া দরকার, যেখানে পদক্ষেপ করলে পরে সমাজতান্ত্রিক ঘাঁচের সরকার হক্ষেপারে, যাতে গরীবের হাতে আরো ক্রমণিক্তি বাড়ে, সেদিকে পদক্ষেপ সরকারের নাই। জর্মী গরিস্থিতিতে জিনিষপত্রের দাম বাড়লো, মালপত্র উধাও হয়ে গেল, চালের দাম বাড়লো, আর জলা কলের মালিকরা অন্তত্তপক্ষে ১০ কে টি টাকা লাভ করলো। এই তো পরিবেশ স্থিত হয়েছে। এই পরিবেশের মধ্যে অবন্ধা কি হলো? আর একটি কেন্দ্রীয় বাজেট হতে না হতে সেখানে জিনিষপত্রের দাম বেড়ে গেছে। প্রায় ১৮০ কোটি টাকা আমাদের কেন্দ্রীয় বাজেটের দর না মানুল গ্রনতে হবে গরীব জনসাধারণের।

শ্বিতীয়তঃ আমাদের এই রজ্য বাজেট—শংকরদাসবাব, এই মন্দ্রিসভায় যোগদান এবং বাংলাদেশের এর্থদেশ্রের ভার পাওয়ার সঙ্গে সঙ্গে তিনি অতান্ত ক্রেডিট অতান্ত শক্তির সঙ্গে অতান্ত গরের সংশা বলছেন টাকা আমি চাই-টাকা আমি আদায় করবোই টাকা আমি নেবই। भाविष्कात कथा। अवना भालो कथा वलवात मारुम এখন काता नारे : छत्त्वी भवित्य मःगर्धन শূর্বল এবং অপজিশনকে যেভাবে থাকা দরকার, সেভাবে অপজিশন নাই ভাকে পঞ্চা করে দেওয়া হয়েছে উদ্দেশাম লকভাবেই। স্থোগ পাওয়া গেছে—বাঁহাতে শেয়াল, দণ্ডর চালাতে द्दव होका हारे है। प्राप्त लाकक व वा करत मार्थ मध्य वन्ध करत मार्थ करता मिर्थ करता भीतराम रेजनी কর্ডিফেণ্স মফ ইন্ডিয় রূলস চলে কর এবং এই জর্রী পরিবেশে যেখানে ধনিকের বিরূদেশ তীর আঘাত হানা সম্ভব সেখানে আঘাত না হেনে তীর আঘাত হানা হয়েছে গরীবের উপর। একদিকে মোরারজী দেশাইএর ব জেট. তিনি কেন্দ্রীয় মন্দ্রী হিসাবে ছেডে দিয়েছেন। প্রথিবীতে তার প্রতিক্রিয়া সূচিট হয়েছে বাংলাদেশেও হয়েছে প্রতিক্রিয়া। সেই সঞ্জে বাজা ব জেট ও রাজা সরক রের বিল, রাজা সরকারের অ্যামেন্ডমেন্ট এ। ক্ট ইত্যাদির ফলে একটা অসহনীয় অবস্থার সূখি হয়েছে। শুধু তাই নয় আর একটা লক্ষণও আমরা দেখছি। গ্রাম এলাকায় যান এক বছর, দ্য-বছর, তিন বছর চার বছর পাঁচ বছর ছয় বছর সাত বছর আট বছরের খাজনা বাকি পড়ে আছে। একটি লোক তাকে প্রের্বাসনের জন্য পয়সা দিতে হবে ক্ষমির জনা খাজন: দিতে হবে, কৃষি-ঋণের জনা পয়সা দিতে হবে কাটেল পারচেজ লোন-এর জনা পয়সা দিতে হবে এবং তার সব জিনিষপত জুটিয়েও সেই টাকা দিতে পারছে না সাটিফিকেট হাচ্ছ। শাধ তাই নয় যে চাষী টাকা দিয়ে এই সব দেনা মেটাবে সেই চাষীকে সরকারের আশীর্বাদপুটে আমেদপুর ন্যাশনাল সুগার মিল, তাঁরা লক্ষ লক্ষ্ণ টাক্রা চাষীর মেরে বসে আছে, টক্রো পেমেন্ট করেন নি এখনো। তাঁরা বলছেন ইন্ডিয়া গভর্নমেন্ট আমাদেরকে চিনি যদি লিফ্ট শেওয়ার প রমিশন দেন, তবে ট কা দিতে পারবে। তা না হলে কোন উপায় নাই—দিতে পারবো না। লিগালি কি আমরা পারি চাষীকে এইভাবে বঞ্চিত করে রাখতে? এই রকম ঔ**ন্ধত**োর **সং**গ্ কথা বলা হচ্ছে। এই যে পরিবেশ সণ্টি হয়েছে, দশচক্রের মধ্যে অমরা পড়ে গিয়েছি। গরীব

